



রবিবার সকালে সৈকতনগরী দীঘায় ভেসে এল একটি মৃত ডলফিন। সেই ডলফিনটিকে ঘিরে পর্যটকদের মধ্যে ছবি তোলার হুড়োহুড়ি পড়ে যায়। ...বিস্তারিত পাতা ৩



এ যেন লোকসভার প্রাক্কালে মানুষ ঠাকানোর রাজনীতি। তৃণমূলের ক্যাম্প নিয়ে সূড় চড়িয়েছে বিরোধীরা। ৫০ দিনের টাক দিতে ক্যাম্প তৃণমূলের। ...বিস্তারিত পাতা ৫



আগামী ২০ ফেব্রুয়ারি জম্মু ও কাশ্মীর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রধানমন্ত্রীর আসন্ন এই সফরের আগে জম্মু ও কাশ্মীরে বাড়ানো হচ্ছে নিরাপত্তা। ...বিস্তারিত পাতা ৬



রাজকোট ব্যাটারদের স্বর্গরাজ যে স্বর্গরাজ্যের রাজা এ বার যশস্বী জয়সওয়াল। ২২ বছরের যশস্বীকে থামানোর দাওয়াই খুঁজে পেলেন না জিমি অ্যান্ডারসনও। ...বিস্তারিত পাতা ৮

রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী মোদি

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারিঃ সন্দেশখালির পরিস্থিতি নিয়ে উত্তপ্ত রাজ্য-রাজনীতি। ঘটনার জল গড়িয়েছে সংসদ পর্যন্ত। এবার এই আবহে রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আগামী মাসেই রাজ্যে আসছেন তিনি। শুধু তাই নয়, উত্তর ২৪ পরগণাতেই প্রধানমন্ত্রী জনসভা করবেন বলেও সূত্র মারফত জানা যাচ্ছে। অন্যদিকে, বিজেপির রাষ্ট্রীয় অধিবেশনে সন্দেশখালির ঘটনা তুলে নিদায় সরব হলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সূত্রের খবর, আগামী ৭ মার্চ বাংলায় আসবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি উত্তর ২৪ পরগণার বারাসতে জনসভা করবেন। বারাসত থেকে বসিরহাটের সন্দেশখালির দুরন্ত খুব বেশি নয়। যখন সন্দেশখালি নিয়ে উত্তপ্ত গোটা রাজ্য, সেই সময় প্রধানমন্ত্রীর বারাসতে জনসভা বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে বলে মনে করছে রাজনৈতিক মহল। এছাড়া সামনেই লোকসভা নির্বাচন। স্বাভাবিকভাবেই ভোটের আগে প্রধানমন্ত্রীর বাংলা সফর এবং বারাসতে জনসভা নির্বাচনের দিক থেকে বিশেষ গুরুত্বপূর্ণ হতে চলেছে বলে মনে করছেন রাজনীতির কারবারিরা। অন্যদিকে, এদিন বিজেপির রাষ্ট্রীয় অধিবেশনেও উঠে এসেছে সন্দেশখালির প্রসঙ্গ। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এদিন সন্দেশখালির হিংসার ঘটনার তীব্র নিন্দা করেন। সন্দেশখালিতে যাওয়ার পথে পুলিশের বাধার মুখে পড়েছিলেন বিজেপি নেতা-কর্মীরা। সেই ঘটনারও উল্লেখ করেন রাজনাথ সিং। তিনি বলেন, “সন্দেশখালিতে যা কিছু ঘটেছে এবং আমাদের কর্মীরা যে সাহসিকতার সঙ্গে এই নিপীড়ন ও অত্যাচারের বিরুদ্ধে লড়াই করছে, তাদের সকলে আমি অভিনন্দন জানাতে চাই।” একইসঙ্গে ‘সন্দেশখালি’ ঘটনা সভা সমাজের কলঙ্ক এবং এর তীব্র নিন্দা করা উচিত’ বলে মন্তব্য করেন রাজনাথ সিং। প্রসঙ্গত, উত্তপ্ত সন্দেশখালিতে যাওয়ার পথে আক্রান্ত হয়েছিলেন বিজেপি নেতা-কর্মীরা। পুলিশের সঙ্গে ধ্বংসাত্মকিত মারিচিটে পড়ে গিয়ে জ্ঞানহারা হারান রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। তাঁকে হাসপাতালেও ভর্তি করতে হয়।

সন্দেশখালিকাণ্ডে তিন সদস্যের কমিটি গঠন তৃণমূলের

‘আতঙ্কে থাকলেই যোগাযোগ করুন’, বলছেন পার্থ ভৌমিক

দুরন্ত বার্তা, সন্দেশখালি, ১৮ ফেব্রুয়ারিঃ রবিবার সন্দেশখালিতে পৌঁছে ছিল তৃণমূলের প্রতিনিধিদল। সেখানেই বৈঠক করে বড় সিদ্ধান্ত নিল তৃণমূল। এবার শিবুর অনুপস্থিতিতে সন্দেশখালি-২ ব্লকের সভাপতির দায়িত্ব সামলাবেন বিধায়ক সুকুমার মাহাত। এমনটাই জানিয়ে দিলেন দমকল মন্ত্রী সুজিত বসু। তিনি জানিয়েছেন, মামলার অগ্রগতি দেখেই শিবুরকে নিয়ে পরবর্তী সিদ্ধান্ত নেবেন তারা। আপত্ত তার অনুপস্থিতিতে সন্দেশখালি ২ ব্লকে দায়িত্ব সামলাবেন সুকুমার মাহাত। ইতিমধ্যে গ্রামবাসীদের অভিযোগ খতিয়ে দেখতে একটি তিন সদস্যের কমিটি গঠন করেছে তৃণমূল। সেই কমিটিতে রয়েছেন গৌর রায়, অষ্টমী দাস, গণেশ দাস। অশান্তি প্রবণ এলাকার বাড়ি বাড়ি ঘুরে অভিযোগের কথা শুনবেন। গুরুতর অভিযোগ পেলে সেগুলি নথিভুক্ত হবে, তারপর সমস্ত দিক খতিয়ে দেখা হবে। রবিবার সন্দেশখালি ১ নম্বর ব্লকের চেহারা অঞ্চলে গিয়েছিলেন তৃণমূলের শীর্ষ নেতৃত্ব প্রতিনিধিরা। এই প্রতিনিধি দলে ছিলেন মন্ত্রী সুজিত বসু ও বীরবাহা হাঁসদা, পার্থ ভৌমিক। সেখানে একটি বিশাল কর্মসভার আয়োজন করা হয়। ওই কর্মসভায় সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাত সহ ১৬ টি গ্রাম পঞ্চায়েতের কয়েক হাজার তৃণমূল নেতা কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন। আগামী লোকসভা নির্বাচনে শাসকদল সন্দেশখালিতে কী রণনীতি অবলম্বন করা হবে, তা নিরূপিত করবেন সঙ্ঘে আলোচনা হয়। সন্দেশখালিকে স্বাভাবিক ছন্দে ফেরাতে বঞ্চিতদের টাকা দেওয়ার কথা ঘোষণা করেছে সরকার। ইতিমধ্যে নামের তালিকা তৈরির কাজ শুরু হয়ে গেছে। এদিন সুজিত বসু বলেন, “নেতৃত্বের যাদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তারা প্রেধকর্ত হয়েছেন। আমরা কারও মুখ বন্ধ করিনি। আমরা সন্দেশখালি মানুষের কথা শোনার জন্যই যাচ্ছি। ১৬টি



গ্রাম পঞ্চায়েতের মধ্যে একটি গ্রাম পঞ্চায়েতের দু-একটা বুথে এই ঘটনা ঘটেছে। মানুষ আমাদের পাশে আছে, তা আগামী দিন সন্দেশখালিতে জনমতের মধ্য দিয়ে আমরা বুঝিয়ে দেব।” উপদ্রুত এলাকায় বাড়ি বাড়ি যাবেন কমিটির সদস্যরা। অভিযোগ পেলে তা নথিভুক্ত হবে, তারপরই তা খতিয়ে দেখা হবে। একইসঙ্গে গ্রামবাসীদের একাংশের সামনে শিবু, উত্তমদের বিরুদ্ধে ওটা অভিযোগ মানলেন সোমেন্দ্রী পার্থ ভৌমিক। লিখিত অভিযোগ জমা দেওয়ার আবেদনও করলেন। প্রয়োজনে চাঁদা তুলে টাকা মটানোর আশঙ্কা দিয়েছেন। টাকা মটানোর আশঙ্কা দিয়েছেন সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতোও। বীরভূম থেকে তৃণমূল সুপ্রিমো

মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, “যদি কেউ মনে করে কারও কাছ থেকে কেউ কিছু নিয়েছে তাহলে সেটাও ফিরিয়ে দেওয়া হবে। এটা মনে রাখবেন আমি যখন যেটা বলি আমি সেটা করি।” একইসঙ্গে মমতা বলেন, “সন্দেশখালি নিয়ে অনেকেই তিলকে তাল করছেন।” এদিন এ প্রসঙ্গে বীরভূম থেকে সুর চড়ান মমতা বলেন, “কোনও মহিলা এখনও এফআইআর করেননি। আইন আইনের পথে চলুক। বিচারের আগে অনেকে অনেক কথা বলছে।” একই সুর পার্থর গলাতেও। বলেন, “টিভির পর্দায় নাটক হচ্ছে! অভিযোগ একটাও সত্যি? সন্দেশখালির একজন মা-বোন এসে বলুক না তাঁদের উপর অত্যাচার হয়েছে! যদি ভয় পেত তাহলে কী টিভিতে বলতে পারত? ওখানে ভয়হীন? যারা আতঙ্কে আছেন আমাদের সঙ্গে যোগাযোগ করতে বলুন। আমরা আতঙ্ক কাটিয়ে দেব। মানুষের মধ্যে আতঙ্ক থাকবে, সেই রাজ্যের নাম বাংলা হবে, মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর মুখামন্ত্রী থাকবেন। এ হবে না। সবই তা সিপিএম, বিজেপির পরিকল্পিত চক্রান্ত, নাটক।”

দলীয় নেতা-কর্মীদের তৃতীয়বার কুর্সি দখলের পাঠ দিলেন মোদি



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার দিল্লিতে বিজেপির দু’দিনের জাতীয় অধিবেশন শেষ হয়েছে। এদিন সমাপ্তি ভাষণে আসন্ন লোকসভা নির্বাচনের জন্য দলকে আত্মবিশ্বাস জোগান দিয়েছেন মোদি। তিনি বলেন, “লোকসভা ভোটে সবচেয়ে বেশি আসন বিজেপিই পাবে। এনডিএ-কে ৪০০ আসনের বেশি পেতে হবে। বিজেপিকে ৩৭০-র মাইলস্টোন পেরোতেই হবে।” প্রধানমন্ত্রী পদে ১০ বছর পার করেছেন নরেন্দ্র মোদি। অনেকের কাছ থেকেই এবার বিশ্রাম নেওয়ার পরামর্শ পেয়েছেন বলে দাবি করেন মোদি। কিন্তু বিজেপির কনভেনশনে সেই পরামর্শের জবাব দিতে গিয়ে স্পষ্ট বুঝিয়ে দেন, তৃতীয়বারের জন্য ক্ষমতায় এলে তিনি প্রধানমন্ত্রীর কুর্সিতে বসবেন। এখন মোটেই তাঁর বিশ্রাম নেওয়ার সময় আসেনি বলে উল্লেখ করেন নমো। বিজেপির রাষ্ট্রীয় অধিবেশনে জেলাস্তরের নেতৃত্ব ছাড়াও সব রাজ্যের সাংসদ, বিধায়করা উপস্থিত হয়েছিলেন। দু’দিনের অধিবেশনে জেপি নভডা, অমিত শাহ, রাজনাথ সিংহ-সহ দলের সব নেতাই ভোট প্রস্তুতি প্রসঙ্গে মোদি সরকারের সাক্ষ্য নিয়ে কথা বলেন। নিজের বক্তব্যেও মোদি ১০ বছরে তাঁর সরকার কী কী কাজ করেছে, তার খতিয়ান তুলে ধরেন। সঙ্গে ফের একবার পদ্ম কর্মী-সমর্থকদের টার্গেট সেট করে দেন তিনি। বলেন, “এবারের লোকসভায় ৪০০ পার করবে এনডিএ। কিন্তু এনডিএ-কে ৪০০ পার করতে গেলে বিজেপি-কে ৩৭০ মাইলস্টোন পার করতেই হবে।” মোদিয় কথায়, “২৫ কোটি মানুষকে দারিদ্র্য থেকে মুক্তি দিয়েছি। সন্তানসাব্যস্তে আতঙ্ক থেকে মুক্তি দিয়েছি। আগের সরকার মহিলাদের জন্য কিছু করেনি। মহিলাদের জন্য আমরা একাধিক প্রকল্প এনেছি। ২০১৪-র আগে মহিলাদের সুরক্ষা নিয়ে উদ্বেগ ছিল। নারী নিরাপত্তার অভিযোগের দ্রুত নিষ্পত্তি, শৌচালয়ের মতো বিষয় সামনে এনেছি।” এরপরই এক এক করে নানা সরকারি প্রকল্পের মাধ্যমে মহিলাদের জন্য শৌচালয়, মাথার উপর ছাদ, স্যানিটারি প্যাড, ব্যাল্ড অ্যাটিউটেন্ট মুদ্রা লোন সহ বিভিন্নভাবে মহিলাদের আর্থিক সহায়তার কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। মোদি জানান, মহিলাদের সম্মান দিয়েছেন তিনি।

সন্দেশখালির শিবু হাজরার পুলিশি হেফাজত, ২৬ তারিখ ফের শুনানি

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগণা, ১৮ ফেব্রুয়ারিঃ সন্দেশখালির খুত তৃণমূল নেতা শিবু হাজরাকে ৮ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিল বসিরহাট আদালত। আগামী ২৬ তারিখ ফের তাকে আদালতে তোলা হবে। রবিবার বেলা পৌনে ১২ নাগাদ বসিরহাট থানা থেকে কড়া পুলিশি প্রহরায় শিবুরকে আদালতে নিয়ে যাওয়া হয়। তখনই বাইরে থাকা ভিড় থেকে চোর, চোর স্লোগান ওঠে। বাসিন্দাদের অভিযোগ, রবিবার সকাল থেকে থানা চত্বরে পুলিশি নিরাপত্তা এতটাই কড়াকড়ি যেন মাছিও গলতে পারবে না। এদিকে ছুটির দিনে বহু মানুষ থানায় আসেন নানান কাজে। তাঁদের বক্তব্য, এদিন সকাল থেকে থানায় সাধারণের প্রবেশ নিষেধ করে দেওয়া হয়েছে। ফলে বিভিন্ন কাজে থানায় এসেও খালি হাতে ফিরতে হচ্ছে। তারই জেরে ক্ষুব্ধ বাসিন্দাদের একাংশ এদিন শিবুরকে থানা থেকে বের করার সময় চোর, চোর স্লোগান দিয়ে ওঠেন বলে মনে করা হচ্ছে। পুলিশের কথায়, তদন্তের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা শিবুর ১০ দিনের পুলিশি হেফাজত চেয়েছিলাম। শিবুর বিরুদ্ধে, গণধর্ষণ, খুনের চেষ্টা, স্ত্রীলতাহানি রয়েছে।

‘৭ পরিবারের ইন্ডিয়া জোট’, অমিত শাহ

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারিঃ মহাভারতে যুদ্ধ হয়েছিল পাণ্ডব ও কৌরবের। এবারের লোকসভায় যুদ্ধ হবে মোদিজির নেতৃত্বে এনডিএ-র সঙ্গে কংগ্রেসের নেতৃত্বে পরিবারতান্ত্রিক ইন্ডিয়া জোটের। রবিবার এমনটাই বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিজেপির রাষ্ট্রীয় অধিবেশনে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, “ইন্ডিয়া জোট হল পরিবারতান্ত্রিক, অংহকারী ও দুর্নীতিগ্রস্তদের জোট।” এ দিন স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, “জোট এমনি তৈরি হয় না। সমভাবাপন্ন দলরা মিলিত হয়ে জোট তৈরি করে। কংগ্রেসের নেতৃত্বে ইন্ডিয়া জোট তৈরি হয়েছে। এই জোটের সকলেই দুর্নীতিগ্রস্ত। এই দেশে কংগ্রেসই দুর্নীতির জনক এবং কংগ্রেসই দুর্নীতির পৃষ্ঠপোষকতা করেছে। ইউপিএ সরকারের ১০ বছরের সময়ের দেখুন, ২জি দুর্নীতি, আইএনএক্স মিডয়ার দুর্নীতি, সারদা দুর্নীতি, হিমাচলে আপেল বণ্টন নিয়ে দুর্নীতি, জমির বিনিময়ে চাকরির দুর্নীতি, বোর্ফস দুর্নীতির মতো অগুনতি দুর্নীতি হয়েছে।” তিনি আরও বলেন, “অনেকে বলছেন ইন্ডিয়া জোট নাকি আমাদের জন্য বড় চ্যালেঞ্জ। আমার কাছে ইন্ডিয়া জোট হল সাত পরিবারবানী দলের জোট হল ইন্ডিয়া। যারা নিজেদের দলের মধ্যেই গণতন্ত্র তৈরি করতে পারে না, তারা দেশের গণতন্ত্র কী রক্ষা করবে? একদিকে মোদিজির উন্নয়নমূলক জোট, অন্যদিকে রাহুল গান্ধির পরিবারতান্ত্রিক। আমার বিশ্বাস, জনগণ সঠিক সিদ্ধান্ত নেবে। ভারতীয় জনতা পার্টিকেই বেছে নেবে।” পরিবারতন্ত্রের রাজনীতিকে দুখে অমিত শাহ বলেন, “মোদিজি যেখানে আত্মনির্ভর ভারতের লক্ষ্য রেখেছেন, ২০৪৭ সাল অবধি রোডম্যাপ তৈরি করে রেখেছেন, সেখানেই সনিয়াজির লক্ষ্য হল নিজের ছেলেকে প্রধানমন্ত্রী বানানো, শরদ পণ্ডারের লক্ষ্য হল নিজের মেয়েকে মুখ্যমন্ত্রী বানানো, মমতাদির লক্ষ্য ভাইপোকে মুখ্যমন্ত্রী করা, স্ট্যালিনের লক্ষ্য তাঁর ছেলেকে মুখ্যমন্ত্রী বানানো, উদ্ভব ঠাকুরের লক্ষ্য ছেলেকে মুখ্যমন্ত্রী করা আর মূল্যমজি তো ছেলেকে মুখ্যমন্ত্রী করেই গিয়েছেন।”

এফআইআর করেনি। আমি পুলিশকে বলেছি, স্বতঃপ্রণোদিত মামলা করো। আমাদের ব্লক প্রেসিডেন্টও প্রেফতার হয়ে গেছে।” প্রশ্ন উঠছে, শিবু হাজরার বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর নির্দেশেই পদক্ষেপ হলে কেন এখনও তাঁকে

প্রকল্পের উদ্বোধন করেন মমতা। খরচ ৭২৩ কোটি ২০ লক্ষ টাকা। যার মধ্যে রয়েছে ইসলামবাজার, দুবরাজপুর ও কাঁকসা ব্লকের অন্তর্গত পানাগড়-ইলামবাজার-দুবরাজপুরে ১০ হাজার ৭৭৮ লক্ষ টাকা খরচ



দল থেকে সাসপেন্ড করল না তৃণমূল? কেন ব্যবস্থা নিতে এতগুলো দিন কেটে গেল? এদিন বীরভূমে প্রশাসনিক সভায় ফের কেষ্টর হয়ে বাট ধরতে দেখা গেল মমতাকে। বিরোধীদের বিরুদ্ধে সুর চড়িয়ে বলেন, “সিউডিভিও নানা চক্রান্ত চলছে। বীরভূমেও চলছে। আজকে কেষ্টকে জেলে ভরে রেখে দিয়েছে। কিন্তু মানুষের মন থেকে মুছতে পারেনি। একই অভিযোগ আপনাদের নেতার বিরুদ্ধে রয়েছে, ব্যবস্থা নিয়েছেন?” এদিন বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়েরও উদ্বোধন করার পাশাপাশি মোট ২১৬টি

করে প্রায় ৪৯ কিলোমিটার রাস্তার কাজ। রয়েছে রামপুরহাট ১ নম্বর ব্লকের অন্তর্গত কাণ্ডগড়িয়া হেলথ সেন্টার থেকে ঠাকুরপুর পর্যন্ত ৩১৯৮.৭৪ লক্ষ টাকা ব্যয়ে রাস্তার কাজ। স্বাস্থ্য খাতেও বড় খরচ হয়েছে। শিক্ষাখাতেও একাধিক প্রকল্পের বাস্তবায়নের খতিয়ান তুলে ধরা হয় এদিনের সভা। একইসঙ্গে ৭২৬টি প্রকল্পের শিলান্যাস হয়ে গিয়েছে। প্রস্তাবিত মোট ব্যয় ৬১০ কোটি ৭৭ লক্ষ টাকা। প্রশাসনিক সভা থেকে দেউচা পাঁচমি কল্যা খনি প্রকল্পের জমিদাতাদের মধ্যে ১ হাজার ১৩৫ জনকে সরকারি সাহায্য

পত্র দেওয়া হল। মুখ্যমন্ত্রী বলেন, “দেউচা পাঁচমির জমিদাতাদের মধ্যে ৭হাজার ৬৮৩ জনকে ইতিমধ্যেই নিয়োগপত্র দিয়েছি। খনি প্রকল্পের কাজ সম্পূর্ণ হলে এক লক্ষ ছেলেমেয়ের চাকরি হবে।” মুখ্যমন্ত্রী এদিন আরও বলেন, “আমার কাছে খবর আছে অনেকের আধার লিঙ্ক কাটা হচ্ছে। জামালপুরের ৫০ জনের কাটা হয়েছে, দক্ষিণ ২৪ পরগণায় কাটা হচ্ছে, উত্তরবঙ্গ কাটা হচ্ছে।” বাংলার মানুষ যাতে সরকারি প্রকল্পের সুবিধা না পান, তাই কেন্দ্র এই চক্রান্ত শুরু করেছে, অভিযোগ করে মুখ্যমন্ত্রী বলেন, “কোন অধিকারে তুমি

জিজ্ঞাসা না করে আধার কার্ড কেড়ে নিচ্ছে?” এরপরই বাংলার মানুষকে অভয় দিয়ে মুখ্যসচিবের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রীর নির্দেশ, “এমন একটা পোর্টাল চালু করুন যাতে কারও আধার কার্ড বাতিল করা হলে তাঁরা যেন ওই পোর্টালে নিজেদের অভিযোগ লিপিবদ্ধ করতে পারে। আপনারাও ব্লকে ব্লকে নজর রাখুন।” একই সঙ্গে বাংলার মানুষের উদ্দেশ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের বার্তা, “আধার কার্ড থাকুক আর না থাকুক আমি পরিষ্কার বলছি আমাদের কোনও স্কিম বন্ধ করব না। বাংলার মানুষকে বলছি আপনারা ভয় পাবেন না। বাংলার মানুষের কোনও স্কিম আমি বন্ধ করতে দেব না। যাদের আধার কার্ড বাতিল করা হচ্ছে তাঁরা যেন তৎক্ষণাৎ আমাদের জানায়। এনআরসি প্রশ্নেও কড়া বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। মমতা বন্দ্যোপাধ্যায়ের কথায়, “এনআরসি নয়, মানুষ স্বাধীনভাবে বাঁচতে চাই। এনআরসির নামে নাগরিক অধিকার থেকে বঞ্চিত করা যাবে না।” এরপরই মুখ্যমন্ত্রী জানিয়ে দেন, “আমি যতদিন থাকব ততদিন আপনাদের উপর কোনও আঁচ আমি আসতে দেব না।” মাস দেড়ের পরেই লোকসভা ভোট। ভোটের আগে বিজেপি নতুন করে জাতপাতের প্রসঙ্গ টেনে অশান্তি পাকানোর চেষ্টা করছে বলেও অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী। প্রশাসনের পাশাপাশি এ ব্যাপারে মানুষকেও সচেতন থাকার পরামর্শ দিয়েছেন তিনি।

Har Payment Digital

RESERVE BANK OF INDIA

GUARANTEED BY THE CENTRAL GOVERNMENT

₹500

4AH 557239

সেইসব লিঙ্ক থেকে সাবধান, যেগুলি প্রস্তাব দেয় :

অননুমোদিত ডিজিটাল ঋণদায়ক অ্যাপস্‌

জাল লটারি-যোজনা

আবিষ্কার একথা বলে...
জেনে রাখুন.
সতর্ক থাকুন!

বিশদ জানতে হ'লে,
<https://rbikehtahai.rbi.org.in/dp> দেখে দিন

ডিজিসাথী, ডিজিটাল পেমেটের বিকল্প-কেন্দ্রিক তথ্যের বিষয়ে স্বয়ংক্রিয় প্রত্যুত্তরের জন্যে 24x7 হেল্পলাইন :
টোল-ফ্রী নম্বর : 1800-891-3333; একটি সংক্ষিপ্ত কোড : 14431; ওয়েবসাইট : www.digisaathi.info

জনস্বার্থে প্রচার করছে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

কেরলে হাতির আক্রমণে নিহতদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ রাহুল গান্ধীর



ওয়ানড়ি, ১৮ ফেব্রুয়ারি : কেরলের ওয়ানড় জেলায় হাতির আক্রমণে প্রাণ হারানো দুই ব্যক্তির পরিবারের সঙ্গে সাক্ষা করলেন কংগ্রেস নেতা এবং ওয়েনাডের সাংসদ রাহুল গান্ধী। তিনি রবিবার সকালে হাতির হানায় নিহত দুই পরিবারের পাশে দাঁড়ান। রাহুল গান্ধী এদিন দুই পরিবারের সদস্যদের কাছে উদ্বেগিত হয়ে তাঁদের সাহ্চর্য্য দিয়েছেন। শনিবার রাতে বারানসীতে তার ভারত জোড়ো ন্যায় যাত্রা আচমকা থামিয়ে গান্ধী পার্শ্ববর্তী কান্নুর জেলায় পৌঁছন। সেখানে পশুর আক্রমণে মানুষের অকালে প্রাণ হারানোর বিষয়টিকে কেন্দ্র করে এলাকাবাসীদের মধ্যে তীব্র প্রতিবাদ শুরু হয়ে যায়। এই এলাকাটিই রাহুলের নির্বাচনী এলাকা বলে পরিচিত। রবিবার সকালে তিনি কান্নুর থেকে সড়কপথে ওয়েনাড যান। এদিন রাহুল গান্ধীর সঙ্গে ছিলেন এআইসিসি সাধারণ সম্পাদক কে সি ভেনুগোপাল এবং অন্যান্য স্থানীয় নেতারা।

মহারাষ্ট্রের পুণেতে বাতিল যন্ত্রাংশের গুদামে বিস্ফোরণ



পুণে, ১৮ ফেব্রুয়ারি : মহারাষ্ট্রের পুণে শহরে একটি বাতিল যন্ত্রাংশের গুদামে বিস্ফোরক ঘটে বিপত্তির সৃষ্টি হয়। শনিবার রাতে পিম্পর-চিঞ্চওয়াডের কুদাল ওয়াদি এলাকায় এই বিস্ফোরণটি ঘটে। পুলিশ সূত্রে এই তথ্য জানা গিয়েছে। বিস্ফোরণের ফলে বাতিল যন্ত্রাংশের গুদামে বিধ্বংসী আগুন লাগে যায়। দমকল বিভাগকে খবর দেওয়া হয়। পিম্পর-চিঞ্চওয়াড

দমকল বিভাগ ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনার কাজ শুরু করে। পিম্পর-চিঞ্চওয়াড দমকল বিভাগের এক আধিকারিক ভারাদ নালে জানিয়েছেন, আগুন নিয়ন্ত্রণে আনতে ১০টি ফায়ার ইঞ্জিনকে নিযুক্ত করা হয়। তাদের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন লাগার কারণ এখনও পর্যন্ত জানা যায়নি। কোনও হতাহতেরও ঘটনাও ঘটেনি। তদন্ত শুরু করেছে পুলিশ।

ভদ্রেশ্বর শেল্টারের প্রতিবন্ধী ছাত্রদের প্রদর্শনী



দুরন্ত বার্তা,হুগলি, ১৮ ফেব্রুয়ারি : হুগলির ভদ্রেশ্বরে সেন্টার সংস্থা আয়োজিত মানসিক প্রতিবন্ধী স্কুলের ছাত্রদের সরস্বতী পূজা উপলক্ষে দু’দিনব্যাপী বিভিন্ন রকমের ডিজাইনের ব্যাগ, বেড কভার, কাথা স্টিচ শাডি, বোরসেন জুয়েলারি কসমেটিক, অ্যাপ্রিক শাডি প্রভৃতি প্রদর্শনীতে থাকে। স্কুলের ইনচার্জ অপরাজিতা পাল বলেন, এই প্রদর্শনীতে ৩৫ জন মানসিক প্রতিবন্ধী ভোকেশনাল ট্রেনিং শিক্ষা প্রাপ্ত ছাত্র ও শিক্ষিকাদের সহায়তায় এই জিনিসগুলি তৈরি হয়। প্রতিটিতে রয়েছে শিল্পের নিখুঁত ছোঁয়া। এমনকি রয়েছে খাটি ছাতু, হলুদ গুঁড়ো, জিরে গুঁড়ো ছাড়াও নানা রকমের নিত্য প্রয়োজনীয় সামগ্রী। প্রদর্শনীতে বহিরের বহু মানুষ এসে এ ধরনের উপকরণ কেনাকাটা করেন। তাদের বিশেষ আকর্ষণ স্কুলের সরস্বতী মূর্তিটি ছাত্র ও শিক্ষকরা সম্পূর্ণ কাগজে তৈরি করে তার লাগিয়ে দিয়েছেন।

২০ ফেব্রুয়ারি ছত্তিশগড়ে কেন্দ্রীয় বিদ্যালয়ের উদ্বোধনে প্রধানমন্ত্রী

রায়পুর, ১৮ ফেব্রুয়ারি : আগামী ২০ ফেব্রুয়ারি ছত্তিশগড়ের কাওয়াৰ্ণা কেঃ দ্রীঘ বিদ্যালয়ের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি ওইদিন ছত্তিশগড়ের কবিরধাম জেলার মহারাজপুরে অবস্থিত নতুন কেন্দ্রীয় বিদ্যালয়ের উদ্বোধন করবেন। এই কেন্দ্রীয় বিদ্যালয় ভবন এবং কর্মচারীদের আবাসিক ভবন সহ অন্যান্য নির্মাণ কাজের জন্য মোট খরচের পরিমাণ ২০.৫৬ কোটি টাকা। রবিবার এসংক্রান্ত তথ্য জানা গিয়েছে। কালেক্টর জনমেজয় মহােবে কেন্দ্রীয় বিদ্যালয় ভবনের উদ্বোধনের প্রস্তুতি খতিয়ে দেননি। উদ্বোধনের আগে কালেক্টর মহােবে এবং জেলা পঞ্চায়েতের মুখ্য নির্বাহী আধিকারিক সন্দীপ আগারওয়াল নতুন কেন্দ্রীয় বিদ্যালয় ভবন পরিদর্শন করেছেন। উপ-মুখ্যমন্ত্রী বিজয় শর্মা এবং সাংসদ সন্তোষ পাণ্ডের প্রচেষ্টায় কবিরধাম জেলার কেন্দ্রীয় বিদ্যালয়ের নতুন যৌথ ক্যাম্পাসের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

প্রয়াত জনপ্রিয় জৈন সন্ত আচার্য বিদ্যাসাগর মহারাজ

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি : প্রয়াত হলেন জনপ্রিয় জৈন সন্ত আচার্য বিদ্যাসাগর মহারাজ। ছত্তীসগড়ের দোনাগারগড়ের চন্দ্রাগিরি তীর্থে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। রবিবার তার মৃত্যুতে শোকজ্ঞাপনও করেছেন প্রধানমন্ত্রী। বিদ্যাসাগর মহারাজের মৃত্যুর কথা চন্দ্রাগিরি তীর্থেই তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে। এই খবরে মন খারাপ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। তিনি বিধানসভা ভেটের প্রচারে গিয়ে এই জৈন সন্তের সঙ্গে সাক্ষাৎ করে আশীর্বাদ নিয়েছিলেন। সেই ছবি নিজের এক্স হ্যাণ্ডল থেকে শেয়ার করে স্মৃতিচারণা করেছেন প্রধানমন্ত্রী। বিদ্যাসাগর মহারাজের প্রাণাণ সংক্রান্ত বিবৃতিতে চন্দ্রাগিরি তীর্থের তরফে জানানো হয়েছে, গত ৬ মাস ধরেই চন্দ্রাগিরি তীর্থে থাকছিলেন মহারাজ। গত কয়েক দিন ধরেই তার শরীর ভাল ছিল না তারা। শেষ তিন দিন তিনি সাল্লেখ্য পালন করছিলেন। খাবার, জল খাওয়া বন্ধ করেছিলেন তিনি। জৈনধর্মে আত্মার শুদ্ধির জন্য এই প্রথা পালিত হয়। প্রসঙ্গত, সাল্লেখ্য হল জৈনদের এক প্রকার রীতি। আত্মার শুদ্ধির জন্য উপবাস চলতে থাকে। উপবাসের মাধ্যমে মৃত্যুর দিকে এগিয়ে যাওয়াই সাল্লেখ্য। রবিবার দুপুর ১টা নাগাদ মহারাজের শেষকৃত্যের অনুষ্ঠান শুরু হবে বলেও জানানো হয়েছে তীর্থের তরফে।

লোকসভা নির্বাচনের রোড ম্যাপ তৈরি! আনা হতে পারে দু’টি বড় বড় প্রস্তাব

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি : শনিবার থেকে দিল্লিতে শুরু হয়েছে বিজেপির জাতীয় সম্মেলন। এই সম্মেলন দুই দিনের। দিল্লিতে অনুষ্ঠিত হতে যাওয়া বিজেপির এই সাধারণ সভায় লোকসভা নির্বাচনের রোডম্যাপ তৈরির পাশাপাশি দু’টি প্রস্তাব আনা হতে পারে। একটি হতে পারে উন্নত ভারত। সেখানে মোদীর গ্যারান্টির কথা বলা হতে পারে। এছাড়া দ্বিতীয়টি হতে পারে রাম মন্দিরের সঙ্গে সম্পর্কিত।

এদিন সকাল দশটায় প্রধানমন্ত্রী মোদী ভারত মণ্ডপে পৌঁছন। সেখানে তিনি বিজেপি ও মোদী সরকারের উন্নয়ন যাত্রা নিয়ে প্রদর্শনীতে যান। গত দশ বছরের উন্নয়ন যাত্রা এই প্রদর্শনীতে তুলে ধরা হয়েছে। বিজেপি নেতা ভূপেন্দ্র চৌধুরী বলেছেন, তারা প্রধানমন্ত্রী মোদীর কাছ থেকে নির্দেশনা পাবেন। তিনি আরও বলেছেন মোদীজির নির্দেশনায় বিজেপি যোগ্য শতাংশ আসনে জয় পাবে। বিজেপির জাতীয় সম্মেলন সম্পর্কে তথ্য দিয়ে দলের সাধারণ সম্পাদক বিএল সন্তোষ বলেছেন, সভাপতি জেপি নাড্ডা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার বিকেল সাড়ে তিনটে নাগাদ পতাকা উত্তোলন করেন। এরপর বিকেল ৪.৪০-এ উদ্বোধনী

পারেন বলেও জানিয়েছেন তিনি। সংবাদ মাধ্যমকে তিনি আরও জানিয়েছেন, বিকেল তিনটের পরে



৭.১৫-তো। রাত নটার দিকে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। দেশের প্রাক্তন আইনমন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা রবিশঙ্কর প্রসাদ বলেছেন, লোকসভা নির্বাচনে এনডিএ-র চারশোর বেশি আসন জেলার লক্ষ্যকে সামনে রেখে সারা দেশ থেকে দলের নেতারা আসছেন। এদিন দলীয় প্রতিনিধিদের নিয়ে একটি বৈঠক হবে। সেখানে প্রধানমন্ত্রী মোদী উপস্থিত থাকতে

এর নির্বাচনের আগেও রামলীলা ময়দানে সভা করেছিল। এই দুই সভার পরে হওয়া নির্বাচনে এনডিও ও বিজেপি নিরঙ্কুশ গরিষ্ঠতা পায়। বাংলা থেকে বিজেপির জাতীয় অধিবেশনে যোগ দিতে একাধিক নেতা দিল্লি গিয়েছে। সকালের বিমানে দিল্লি গিয়েছে রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ এবং রাজ্যসভা নির্বাচনে বিজেপির প্রার্থী শমীক ভট্টাচার্য।

ব্যারাকপুর ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউটে মস্য বিপণনের কর্মশালা

দুরন্ত বার্তা,, হুগলি, ১৮ ফেব্রুয়ারি : কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের অধীনে ভারত সরকারের সহযোগিতায় (আই সি এ আর) (সেন্ট্রাল ইনল্যান্ড ফিসারিজ রিসার্চ ইনস্টিটিউট) ব্যারাকপুর অডিটোরিয়ামে এক কর্মশালায় মস্য বিপণনের পরিকাঠামোর উন্নতি প্রয়োজন নিয়ে আলোচনা হয়। হাওড়া পাইকারি মাছের বাজার এবং আধুনিক মৎস্য বিপণন ব্যবস্থায় সোমবার ১২ ফেব্রুয়ারি একদিনের কর্মশালার উদ্দেশ্য হল বিভিন্ন স্টক হোল্ডারদের কাছে গবেষণার ফলাফল। এদিন মাছ চাষী, পাইকারি বিক্রেতা,খুচরা বিক্রেতা, বাজার কমিটির সদস্য, মৎস্য ক্রেতা, সরকারি কর্মকর্তা মিলিয়ে প্রায় ২৫০ জন অংশগ্রহণ করেন এই কর্মশালায়। ভারত তৃতীয় বৃহত্তম মাছ উপাদনকারী দেশ। বিশ্বব্যাপী মাছ উপাদনে ৮ শতাংশ অবদান আছে। আর জলজ উপাদানে দ্বিতীয় স্থানে রয়েছে। হাওড়া পাইকারি মাছের বাজার হলো ভারতের প্রাচীনতম মাছের বাজারগুলির মধ্যে একটি। ১৯২২



গদ্যযুক্ত জল কাদায় ঠাসা এলাকার কথা মনে আসে। সেই পরিস্থিতি বদলে ফেলা হবে। যাঁ চকচকে স্বাস্থ্যসম্মত ব্যবস্থা সহ নবরুপে মাছ বাজার কে সাজানো হবে। ওই পরিকল্পনা তৈরীর জন্য একটি নির্দেশিকা দিয়েছে রাজ্য সরকার। ভারতের বেশ কয়েকটি জায়গায় বর্তমানে নতুন নাম মহাশ্মা, জ্যোতি ফুল মার্জি, দিল্লির গাজিপুর ফিস মার্কেট। এদিন বিশিষ্ট আধিকারিকগণ কর্মশালায় উপস্থিত ছিলেন জি রথীন রাজ, এস পি সিং, অফিসার অর্চন কান্তি দাস, ডঃ উপল কুমার স্যর, ডিরেক্টর বি কে দাস।

গুজরাটের সুরেন্দ্রনগরে টায়ার ফেটে ভ্যান উল্টে মৃত ৪, আহত ২

সুরেন্দ্রনগর, ১৮ ফেব্রুয়ারি : গুজরাটের সুরেন্দ্রনগর জেলায় ভানের টায়ার ফেটে ৪ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ২জন ব্যক্তি। পুলিশ সূত্রে এই তথ্য জানা গিয়েছে। পুলিশের এক আধিকারিক জানিয়েছেন যে শনিবার গভীর রাতে গুজরাটের সুরেন্দ্রনগর জেলায় একটি ভ্যানের টায়ার ফেটে গেলে ভ্যানটি উল্টে যায়। এরফলে ৪জনের মৃত্যু ঘটেছে এবং ২জন আহত হয়েছেন। তিনি আরও



পাশে হরিপুর গ্রামের কাছে দুর্ঘটনাটি ঘটেছে। ৬জন ব্যক্তি একটি বিয়ের

অনুষ্ঠান থেকে গ্রাংধরায় ফিরছিলেন। রাস্তায় ভ্যানের টায়ারটি ফেটে গেলে ঘটনাস্থলেই মোট ৪জনের মৃত্যু হয়। এই ৪জনের মধ্যে ৩জনই একই পরিবারের সদস্য ছিলেন। মৃতদের মধ্যে ২জন মহিলা ছিলেন। বর্তমানে ২জন আহত ব্যক্তি হাসপাতালে চিকিৎসারি রয়েছে।গ্রাংধরা থানার আধিকারিক মৃতদের শনাক্ত করেছেন। মৃতদের নাম, যগনেশ যাদব, ইন্দুমতি যাদব, রাধা যাদব এবং ধনেশ চাডদা।

নতুন এন্টি-ব্যালিস্টিক ফ্লেপগান্ড্র প্রতিরক্ষা ব্যবস্থা উন্মোচন করল ইরান

১৮ ফেব্রুয়ারি : ইসলামী প্রজাতন্ত্র ইরানের প্রতিরক্ষা মন্ত্রণালয় উদ্যতমানের নতুন একটি এন্টি-ব্যালিস্টিক ফ্লেপগান্ড্র প্রতিরক্ষা ব্যবস্থা উন্মোচন করেছে। সম্পূর্ণভাবে নিজস্ব প্রযুক্তি এবং দেশীয় বিশেষজ্ঞদের মাধ্যমে তৈরি এই প্রতিরক্ষা ব্যবস্থা কম উচ্চতায় উড়ে আসা শত্রুর ফ্লেপগান্ড্রকে ধ্বংস করতে পারবে। গত শনিবার রাজধানী তেহরানে আনুষ্ঠানিকভাবে এই ফ্লেপগান্ড্র প্রতিরক্ষা ব্যবস্থা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইরানের প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা আশ্কাইয়ানি। দেশে তৈরি ‘আরমান’ নামের এই এন্টি-ব্যালিস্টিক ফ্লেপগান্ড্র প্রতিরক্ষা ব্যবস্থা ট্যান্ডিক্যাল সাইয়াদ বা ‘শিকারি’ নামে পরিচিত এবং দুই ব্যবস্থা ১৮০ কিলোমিটার দূরে থাকা অবস্থায় একসাথে শত্রুর ২৪টি লক্ষ্যবস্তু সনাক্ত করতে পারে এবং থেকে ১২টি লক্ষ্যবস্তু একইসঙ্গে ধ্বংস করতে সক্ষম। খোরদাদ-৩ এবং খোরদাদ-১৫



এবিএম প্রতিরক্ষা ব্যবস্থায় যেমন বিশেষ সুরক্ষা ব্যবস্থা রয়েছে, তেমনি একটি গাড়িতেই এই ফ্লেপগান্ড্র প্রতিরক্ষা ব্যবস্থার সাথে রাডার

উল্লেখ্য, ইসলামী প্রজাতন্ত্র ইরানের দুটি গুরুত্বপূর্ণ গ্যাস পাইপলাইনের ওপর চলতি সপ্তাহে যে হামলা হয়েছে তার পেছনে ইহুদিবাদী ইসরাইল

২০১৪ সালের লোকসভা নির্বাচনের আগে বিজেপি রামলীলা ময়দানে সভা করেছিল। ২০১৯-

রাজ্যে কেরোসিন

তেলের বরাদ্দ কমিয়ে দিয়েছে কেন্দ্রীয় সরকার

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারি : কেন্দ্রীয় সরকার দুই মাসের জন্য রাজ্যে কেরোসিন তেলের বরাদ্দ উল্লেখযোগ্য ভাবে কমিয়ে দিয়েছে। চলতি এবং আগামী মাসের জন্য প্রতি মাসে ১৪ হাজার ৩০৪ কিলোলিটার তেল বরাদ্দ করা হয়েছে বলে পেট্রোলিয়াম মন্ত্রকের তরফে রাজ্য সরকারকে জানানো হয়েছে। উল্লেখ্য গত মাস পর্যন্ত প্রতি মাসে রাজ্যের জন্য কেরোসিন তেলে বরাদ্দ ছিল ৫৮ হাজার ৬৬৮ কিলোলিটার।

অমরাবতীতে ট্রাক ও টেম্পোর সংঘর্ষে মৃত ৪, আহত ১০

অমরাবতী, ১৮ ফেব্রুয়ারি : মহারাষ্ট্রের অমরাবতীতে একটি ট্রাক ও টেম্পোর মধ্যে সংঘর্ষে ৪ জনের মৃত্যু হয়েছে, আহত হয়েছেন ১০ জন ব্যক্তি। পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, রবিবার সকালে মহারাষ্ট্রের অমরাবতীতে একটি ক্রিকেট মাঠে বাথার পথে ৪ জন ব্যক্তির মৃত্যু হয়েছে এবং ১০ জন আহত হয়েছেন। পুলিশ সুপার বিশাল আনন্দ জানিয়েছেন, একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে টেম্পোকে ধাক্কা দিলে দুর্ঘটনাটি ঘটে। রবিবার সকালে টেম্পোটি অমরাবতী শহর থেকে একটি ক্রিকেট দলের ২১ জন সদস্যকে নিয়ে রওনা দিয়েছিল। রাস্তায় একটি ট্রাক ধাক্কা দিলে নন্দর্গাও যুথের্তর তালুকের শিংনাপুর ফাটায় দুর্ঘটনাটি ঘটেছে। এসপি আরও জানিয়েছেন যে ঘটনাস্থলেই ৪ জনের মৃত্যু হয়। গুরুতর আহত হন ১০জন শেলেোয়াড়। তাঁদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ট্রাক চালককে গ্রেফতার করা হয়েছে।

বিপুল পরিমাণ মদ উদ্ধার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ ফেব্রুয়ারি : বিপুল পরিমাণ মদ উদ্ধার করল জলপাইগুড়ি আবগারি বিভাগের আধিকারিকরা।গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ঘুম স্টেশনের কাছে একটি যাত্রী বোম্বাই গাড়ি তল্লাশি চালায় আবগারি বিভাগ।ওই

গাড়ি থেকেই উদ্ধার হয় প্রায় চার লক্ষ টাকার বিভিন্ন রকম মদ।১২০টি কার্টুন এ ভরা ছিল ওই সিকিমের মদ।আবগারি বিভাগ সূত্রে জানা গিয়েছে সিকিম থেকে ওই মদ বেআইনিভাবে নিয়ে আসা হচ্ছিল। রাজস্ব ফাঁকি দিয়ে ওই মদ পশ্চিমবঙ্গে বিক্রির ব্যবসায় ছিল বলেই অনুমান আফগারি বিভাগের। জলপাইগুড়ি আবগারি বিভাগ সূত্রে জানা গিয়েছে যাত্রীবাহী গাড়িতে মাঝে মর্গেই সিকিম থেকে মদ নিয়ে আসা হয় বেআইনিভাবে।এবং তা বিক্রি করা হয় দার্জিলিং পার্বত্য এলাকায়। বেশ কয়দিন ধরেই এই খবর মিলছিল আবগারি বিভাগের কাছে। রবিবার গভীর রাতে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে মিলে গেল সাফল্য। তবে মদ উদ্ধারের পাশাপাশি যাত্রীবাহী গাড়িটি আটক করা হলেও চালককে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। গাড়ি থেকে উদ্ধার হওয়া ঝুঁক থেকে গাড়ির মালিকের কাছে পৌঁছানোর চেষ্টা চালাচ্ছে আবগারি বিভাগ। পাশাপাশি উদ্ধার হওয়া মদ ভেজাল হতে পারে বলেও সন্দেহ আবগারি বিভাগের। যা স্বাস্থ্যের পক্ষে হানিকারক হতে পারে বলেই অনুমান আবগারি কর্তাদের। উদ্ধার হওয়া মদ পরীক্ষার জন্য পাঠানো হবে ল্যাবে। পাশাপাশি এই চক্রে করা জড়িত তার তদন্ত শুরু করেছে জলপাইগুড়ি আবগারি বিভাগ। আবগারি বিভাগের অতিরিক্ত এজ্ঞাই কমিশনার সুজিত দাস জানান, দীর্ঘদিন ধরেই একটি চক্র সিকিম থেকে পশ্চিমবঙ্গে মদ নিয়ে এসে বিক্রির কারবার চালাচ্ছে এই খবর মিলছিল রাবিবারের অভিযানে তা আরো পরিষ্কার হয়ে গেল। পুরো ঘটনা তদন্ত শুরু করেছে আবগারি দপ্তরের আধিকারিকেরা।

কম্বা-সতর্ক থাকতে হবে। অন্যথায় আপনাকে অপ্রয়োজনীয় সমসয়ার সম্মুখীন হতে হতে পারে। সপ্তাহের শুরুতে আপনার কর্মক্ষেত্রে কারোর সঙ্গে তর্ক করা এরিয়ে চলতে হবে।

তুলা-কিছু সমস্যা নিয়ে শুরু হতে পারে, কিন্তু শেষার্ধ্বে তারা কাঙ্খিত সুখবরে ভালো ফল পাবেন। এমন পরিস্থিতিতে, কোনোও অবস্থাতেই আপনার ঘর্ষ ও বিচ্ছিন্নতা হারাবেন না। বৃশ্চিক- অন্যথায় এই তিনটিই আপনার মাথাগতির কারণ হতে পারে। সপ্তাহের শুরুতে, আপনাকে বাড়ির মেরামত বা বিলাসস্থল জিনিসগুলিতে পকেট থেকে আরও বেশি অর্থ ব্যয় করতে হতে পারে। ধনু-আপনি পেশা এবং ব্যবসা সম্পর্কিত কিছু ভালো খবর শুনতে পারেন। যারা চাকরি খুঁজছেন তারা কাঙ্ক্ষিত সুযোগ পাবেন। মকর-শুভানুধ্যায়ীদের সাহায্যে পরিকল্পিত কাজ সমাধ্বমতো শেষ হবে। কর্মক্ষেত্রে সিনিয়র ও জুনিয়র উভয়ই আপনার প্রতি সদয় হবেন। কুন্ত-শুরুটা কিছু সমস্যা দিয়েই কাটবে। এই সপ্তাহে আপনাকে পারিবারিক-সম্পর্কিত সমস্যার সমাধান খুঁজতে একটি বেশি দৌড়াতে হতে পারে। মীন-কোনো কাজে তাড়াহুড়ো করা এড়িয়ে চলুন এবং কোনোও কাগজে সঠিকভাবে না পড়ে এবং না বুঝেই সই করবেন না।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
আজ ৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ, রবিবার, ইংরেজী ১৮ ফেব্রুয়ারী ২০২৪, ৫৩৭ চৈতমাব্দ, কলিঃ ৫১২৪, সৌর ৬ ফাল্গুন, চান্দ্র ৯ গোবিন্দ মাস, ১৯৪৫ শকাব্দ ২০৮০ বৈক্রম সাধু, ২৫৬৭ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশ ৫ ফাল্গুন ১৪৩০, ভারতীয় সিভিল ২৯ মার্চ ১৯৪৫, মৈতে ৯ ফহিরেন, আসাম ৫ ফাগুন, মুসলিম ৮-শা'বান-১৪৪৫ হিজরী সূর্য উদয় সকাল ০৬৩৯১৬ এবং অস্ত বিকাল ০৫৩১৪৩। চন্দ্র উদয় সকাল ১২০৬১১(১৮) এবং অস্ত শেষ রাত্রি ০২১৮৩৮(১৮)। শুক্র পক্ষ তিথি নবমী (রিত্তা) দুপুর ঘ ০০০৮২২ দং ১৪৫৭৩২.৫ পর্যন্ত নক্ষত্র রোহিণী সকাল ঘ ১৩২১৪৪ দং ১৭৩৫৫৭.৫ পর্যন্ত পরে মৃগশিরা করণ কৌলব দুপুর ঘ ০০০৮২২ দং ১৪৫৭৩২.৫ পর্যন্ত পরে তৈত্তিল রাত্রি ১১৫১২৮ দং ৪৪১৫১৭.৫ পর্যন্ত পরে গর। যোগ বৈধৃতি বিকাল ঘ ০৪২০০০ দং ২৫২৬৩৭.৫ পর্যন্ত পরে বিষ্ণু অমৃতযোগ দিন ০৬৪৪৫১ থেকে - ০৯৫৬৫০ পর্যন্ত এবং রাত্রি ০৭১২৪৯ থেকে - ০৮৫৩৪৯ পর্যন্ত। মহেন্দ্রযোগ দিন ০৬০৯২১ থেকে-০৬৫৪৫১ পর্যন্ত, তারপর ১২৫৮৪৯ থেকে-০১৪৪১৯ পর্যন্ত এবং রাত্রি ০৬২২১৮ থেকে-০৭১২৪৯ পর্যন্ত, তারপর ১২১৫৫০ থেকে-০৩৩৭১০ পর্যন্ত। কুলিকবেলা দিন ০৪০০৪৯ থেকে-০৪৪৬১৮ পর্যন্ত। কুলিকরাত্রি ০৩৩৭৫১ থেকে-০৪২৮১২পর্যন্ত। বারবেলা দিন ১০২৫১৬ থেকে- ১১৫০৩৫ পর্যন্ত। কালবেলা দিন ১১৫০৩৫ থেকে-০১১৫৫৩ পর্যন্ত। কালরাত্রি ০১২৫১৬ থেকে - ০২৫৯৫৮ পর্যন্ত। প্রহৃফুট (সূর্য উদয় কালীন) রবি ১০৫২৬৪০ (২৩) ৪ পদ, চন্দ্র ২১৫৪৪১ (৫) ৩ পদ, মঙ্গল ৭২০১০৬ (২১) ৪ পদ, বুধ ১০১১০৫৫ (২৩) ৩ পদ, বৃহস্পতি ০১৫৪১৭ (২১) ১ পদ শুক্র ৯৮১০৫০ (২১) ৪ পদ, শনি ১০১১২৫১৮ (২৪) ২ পদ রাহু ১১২৬২২৪৮ (২৭) ৩ পদ কেতু ৫২৬২২৪৮ (১৪) ১ পদ লগ্ন কুপ্ত রাশি সকাল ০৭২৮৪৯ পর্যন্ত। মীন রাশি সকাল ০৮৫৯৪৭ পর্যন্ত। মেঘ রাশি সকাল ১০৪০৩১ পর্যন্ত। বৃষ রাশি সকাল ১২৩৮৪৩ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০২৫২০২ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৫০৭৪৬ পর্যন্ত। সিংহ রাশি বিকাল ০৭১৯০৫ পর্যন্ত। কন্যা রাশি রাত্র ০৯২৯১৭ পর্যন্ত। তুলা রাশি রাত্র ১১৪৩২৭ পর্যন্ত।
রাশিফল
মেঘ -গুরুজনের শরীর নিয়ে একটি চিন্তিত হতে হবে আপনাকে। চাকুরিজীবীদের আয়ের বাড়তি উস থাকবে। সঞ্চিত সম্পদ বৃদ্ধি হবে। বৃষ -আজ শুক্রটা খুব শুভ হতে চলেছে। এই সময়ে, আপনার পরিকল্পিত কাজ সময়মতো হয়ে যাবে। মিথুন -সাক্ষ্যের সময় শুরু হবে। পরিকল্পিত কাজ শেষ করার জন্য আপনাদের অলসতা দূর করতে হবে। কর্কট - শুরুতে কাউকে এমন কোনোও প্রতিশ্রুতি দেবেন না। যা ভবিষ্যতে পূরণ করতে সমস্যায় পড়তে হবে। সিংহ -কোনোও প্রভাবশালী ব্যক্তির সহায়তায়। দীর্ঘদিন ধরে অসীমার্থসিক কাজ সম্পন্ন হবে। যার কারণে আপনার মন খুব খুশি হবে। জমি ও বাড়ি ক্রয়-বিক্রয়ের ইচ্ছা পূরণ হতে পারে। কন্যা -সতর্ক থাকতে হবে। অন্যথায় আপনাকে অপ্রয়োজনীয় সমস্যার সম্মুখীন হতে হতে পারে। সপ্তাহের শুরুতে আপনার কর্মক্ষেত্রে কারোর সঙ্গে তর্ক করা এরিয়ে চলতে হবে। তুলা -কিছু সমস্যা নিয়ে শুরু হতে পারে, কিন্তু শেষার্ধ্বে তারা কাঙ্খিত সুখবরে ভালো ফল পাবেন। এমন পরিস্থিতিতে, কোনোও অবস্থাতেই আপনার ঘর্ষ ও বিচ্ছিন্নতা হারাবেন না। বৃশ্চিক - অন্যথায় এই তিনটিই আপনার মাথাগতির কারণ হতে পারে। সপ্তাহের শুরুতে, আপনাকে বাড়ির মেরামত বা বিলাসস্থল জিনিসগুলিতে পকেট থেকে আরও বেশি অর্থ ব্যয় করতে হতে পারে। ধনু -আপনি পেশা এবং ব্যবসা সম্পর্কিত কিছু ভালো খবর শুনতে পারেন। যারা চাকরি খুঁজছেন তারা কাঙ্ক্ষিত সুযোগ পাবেন। মকর -শুভানুধ্যায়ীদের সাহায্যে পরিকল্পিত কাজ সমাধ্বমতো শেষ হবে। কর্মক্ষেত্রে সিনিয়র ও জুনিয়র উভয়ই আপনার প্রতি সদয় হবেন। কুন্ত -শুরুটা কিছু সমস্যা দিয়েই কাটবে। এই সপ্তাহে আপনাকে পারিবারিক-সম্পর্কিত সমস্যার সমাধান খুঁজতে একটি বেশি দৌড়াতে হতে পারে। মীন -কোনো কাজে তাড়াহুড়ো করা এড়িয়ে চলুন এবং কোনোও কাগজে সঠিকভাবে না পড়ে এবং না বুঝেই সই করবেন না।

সাঁকরাইলে নাবালিকার বিয়ে আটকালো প্রশাসন

দূরন্ত বার্তা, হাওড়া,১৮ ফেব্রুয়ারিঃ হাওড়ার সাঁকরাইলে নাবালিকার বিয়ে আটকালো প্রশাসন। ঘটনায় প্রকাশ, হাওড়ার সাঁকরাইল বিধানসভার আন্দুল পঞ্চায়তের ৫১নম্বর পোর্টে শনিবার রাতে ওই ঘটনা ঘটে। নাবালিকার বিয়ে আটকান সাঁকরাইল ব্লক প্রশাসন। সূত্রের খবর, পূর্ব মেদিনীপুরের জনৈক পাত্রের সঙ্গে বিবাহ হতে যাচ্ছিল আন্দুলের ভান্ডারী পাড়ার এক নাবালিকার। অপ্রাপ্তবয়স্কার বিয়ের খবর পেয়েই ঘটনাস্থলে ছুটে আসেন সাঁকরাইলের বিডিও ও সাঁকরাইল থানার পুলিশ আধিকারিক।

বন্ধ করে দেওয়া এই বেআইনি বিয়ে। বাড়ির লোককে বুঝিয়ে পুরো বিষয়ের নীমাংসা করা হয়। প্রশাসনের আধিকারিকরা বলেন এই মুহূর্তে মেয়েটির পড়াশোনার প্রয়োজন আছে। তাই বিয়ে না দিয়ে তাকে পড়াশোনা করতে হবে এবং তাকে স্বাবলম্বী হতে হবে। সরকার তার পাশে রয়েছে এবং যেকোনো প্রয়োজনে তাকে সাহায্য করা হবে।

সবুজ বিপ্লব সফল করতে জগজীবন রামের গুরুত্বপূর্ণ অবদান : বিক্রম সরকার



কলকাতা, ১৮ ফেব্রুয়ারি : বেঙ্গল প্রাদেশিক দলিত শ্রেণি লীগ এবং বাবু জগজীবন রাম ন্যাশনাল ফাউন্ডেশন, নয়াদিল্লি যৌথভাবে দেশের মহান জাতীয় নেতা, স্বাধীনতা সংগ্রামী এবং প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী বাবু জগজীবন রামকে অবিলম্বে ভারতরত্ন পুরস্কার দেওয়ার দাবি জানিয়েছে। শনিবার এই প্রসঙ্গে কলকাতার আরপুল্লি লেনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে উভয় সংস্থার কর্মকর্তারা যৌথভাবে জানান, কৃষিবিদ এমএস স্বামীনাথন, প্রাক্তন প্রধানমন্ত্রী পিডি নরসিমা রাও, প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং, জননায়ক কর্পূরী ঠাকুর এবং প্রাক্তন উপপ্রধানমন্ত্রী এল কে আদবানিকে ভারতের রত্নতালিকায় অন্তর্ভুক্ত করার যোগ্যাকে আন্তরিকভাবে স্বাগত জানানো হচ্ছে। কিন্তু বাবু জগজীবন রামকেও ভারতের এই শ্রেষ্ঠ সম্মানে সম্মানিত করা উচিত। যারা তাঁদের মতামত ব্যক্ত করেন তাঁদের মধ্যে ছিলেন বঙ্গীয় প্রাদেশিক দলিত শ্রেণী লীগের সভাপতি রবীন্দ্রনাথ দাস, প্রাক্তন সাংসদ ও বিজেপি নেতা ড. বিক্রম সরকার, জগজীবন রামের সহযোগী ও বিশিষ্ট শিল্পপতি আত্মারাম সোঁথাগিয়া, অধ্যাপক ড. রামু রাম, সংগঠনের কার্যকরী সভাপতি দেবনন্দন প্রসাদ, সিনিয়র

জয়নগর থানার পুলিশের তৎপরতায় ডাকাতির আগেই ধৃত ৩

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ১৮ ফেব্রুয়ারিঃ জয়নগর থানার পুলিশের ধারাবাহিক সাফল্য অব্যাহত।জয়নগর থানার পুলিশের তৎপরতায় ডাকাতির আগেই ধৃত তিন জন। পুলিশ সূে জানা গেল, শনিবার রাতে গোপন সূেএ খবর পেয়ে জয়নগর থানার আই সি পার্থ সারথি পালের নির্দেশে পুলিশের বিশেষ টিম জয়নগর থানার দক্ষিন বারাসত এলাকা থেকে সন্দেহজনক ভাবে জড়ো হওয়া তিনজনকে প্রথমে আটক করে জিজ্ঞেসাবাদ করে ও পরে তাদের কে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে।গ্রেফতার হওয়া তিনজন হল সনাতন মন্ডল, বাড়ি জয়নগর থানার বানেশ্বরপুর এলাকায়, কবীর সেথ ও আসরাফ সেথ,দুজনেরই বাড়ি জয়নগর থানার ঘোষের বাগান এলাকায়।ধৃতদেরকে রবিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

ব্লকে ব্লকে খোলা হয়েছে সহায়তা কেন্দ্র



দূরন্ত বার্তা, উলুবেড়িয়া, ১৮ ফেব্রুয়ারিঃ ১০০ দিনের কাজের যেসব শ্রমিক কাজ করার পরেও গত দুমহুখর যাবৎ তাঁদের প্রাপ্য অর্থ পাননি রাজ্য সরকার তাঁদের সেই প্রাপ্য অর্থ মিটিয়ে দেবে বলে মুখ্যমন্ত্রী মমতা

বন্দ্যোপাধ্যায় প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাঁর সেই প্রতিশ্রুতি মতোই শনিবার থেকে ব্লকে ব্লকে সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। এই মুহূর্তে রাজ্যে প্রায় ২৪ লক্ষ ৫০ হাজার জব কার্ড হোল্ডার তাঁদের প্রাপ্য অর্থ পাননি। রবিবার আমতা-১ নম্বর ব্লকের ৮ টি গ্রাম পঞ্চায়েত এলাকার সহায়তা শিবির পরিদর্শন করলেন উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের বিধায়ক ডাঃ নির্মল মাজি। তাঁর সঙ্গে ছিলেন উলুবেড়িয়া উত্তর কেন্দ্র তৃণমূল কংগ্রেসের সভাপতি বিমল দাস, তৃণমূলের হাওড়া গ্রামীণ জেলা সহ-সভাপতি এবং ইলিয়াস, আমতা-১ নম্বর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ তুষার কর সিনহা প্রমুখ।

রাজ্যে তিনটি নতুন মেডিক্যাল কলেজ নির্মাণের ঘোষণা মমতা বন্দ্যোপাধ্যায়ের

সিউড়ি, ১৮ ফেব্রুয়ারি : রাজ্যে তিনটি নতুন মেডিক্যাল কলেজ নির্মাণের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । বীরভূমের সিউড়ি থেকে রবিবার এই ঘোষণা করলেন তিনি। পাশাপাশি গ্রামীণ রাস্তা, সেতুর নির্মাণ, উন্নয়নের কথাও ঘোষণা করেন। মমতা জানান, বাংলার সংস্কৃতির জন্মস্থান বীরভূম। এই বীরভূমের উন্নয়নে কোনও খামতি রাখছে না তাঁর সরকার। এদিন সিউড়ির সভা থেকে মমতা জানান, তমলুকে তাম্রলিঙ সরকারি মেডিক্যাল কলেজ, আরামবাগে প্রফুল্লচন্দ্র সেন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, এবং বারাসাতেও সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল তৈরি করবে রাজ্য সরকার। মর্শিদাবাদ, দুই বর্ধমান এবং রাজ্যের বিভিন্ন জেলা থেকে সেখানে

পড়ুয়ারা ভর্তি হতে পারবেন বলে জানান মমতা। পাশাপাশি, এদিন রাজ্য সরকারের একাধিক প্রকল্পের কথা তুলে ধরেন মমতা। তিনি জানান, ১৪ নং জাতীয় সড়ক বরাবর বীরভূমের যে অংশ, সেখানে খয়রাশোল ব্লকের ভীমগড় পরগ্না থেকে নলহাটি ২ নং ব্লকের নাগপুর চেকপোস্ট পর্যন্ত দুই লেনের রাস্তাটি বাড়িয়ে চার লেনের করা হবে। সাধারণ মানুষ যে আবেদন জানিয়েছিলেন, সেই অনুযায়ীই রাজ্য সরকার কাজে হাত দিয়েছেন বলে জানান মমতা। এছাড়াও, পানাগড়, ইলামবাজার, দুবরাজপুরে রাস্তার উন্নয়নের জন্য ১০৭ কোটি ৭৮ লক্ষ টাকা বরাদ্দ করার কথা জানান মমতা। কাঠগড়িয়া স্বাস্থ্যকেন্দ্র ঠাকুরপুকুর রাস্তার উন্নয়ন এবং সেতুর কাজের ৩২ কোটি টাকা বরাদ্দের কথা



জানান। পৃথকী-২ প্রকল্পের আওতায় সিউড়ি-১, ইলামবাজার, শ্রীনিকেতন, লাভপুর, সাঁইথিয়া, দুবরাজপুর নানুর, মহম্মদবাজার মিলিয়ে ৮৫ কিলোমিটার দীর্ঘ ৬২টি

গ্রামীণ রাস্তা করতে ২৬ কোটি ৩১ লক্ষ টাকা রাজ্য খরচ করবে বলে জানান। অজয় নদের উপর তৈরি হবে একটি সেতুও। রবিতে বোলপুরে বিশ্ববাংলা

বিশ্ববিদ্যালয়েরও শুভ উদ্বোধন করেন মমতা। জানান, এটি তাঁর স্বপ্নের প্রকল্প। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বিশ্ববিদ্যালয়ে উপস্থিত ছিলেন। মমতা জানান, ৩১ একর জমির উপর তৈরি হয়েছে বিশ্ববিদ্যালয়। খরচ হয়েছে ৩৬৭ কোটি টাকা। সেখানে মেয়েদের জন্য রয়েছে দুটি হস্টেলও। এদিনের অনুষ্ঠানে দেউসা পাঁচামিতে খনির জন্য জমি প্রদানকারীদের হাতে ক্ষতিপূরণের টাকাও তুলে দেন মমতা। তিনি জানান, ৫৬৩ জনকে ক্ষতিপূরণের চেক দেওয়া হয়েছে। জুনিয়র হিসেবে চাকরির নিয়োগপত্র দেওয়া হয়েছে ৩৪২ জনকে। গ্রুপ ডি পদে ২৬০ জনের হাতে চাকরির নিয়োগপত্র ধরানো হয়েছে। ডিসেম্বরের বৃষ্টিতে ফসলের ক্ষতি হয়েছে যাদের, তাঁরাও ক্ষতিপূরণ পাবেন বলে জানান।

বিজেপি কর্মীকে ধারালো অস্ত্রের কোপ



হাতের একটি আঙুল কেটে পড়ে গিয়েছে বিজেপি কর্মী তপন মন্ডলের। আরও একটি আঙুল গুরুতর জখম হয়েছে।

এই ঘটনায় অভিযোগের আঙুল উঠেছে স্থানীয় তৃণমূল কর্মী ইন্দ্র নস্করের বিরুদ্ধে। রবিবার দুপুরে ঘটনাটি ঘটেছে ঝড়খালি কোস্টাল থানার অন্তর্গত ত্রিদিব নগর গ্রামে। আক্রান্ত বিজেপি কর্মীকে বাসন্তী ব্লক গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার তাম্ত শুরু করেছে ঝড়খালি কোস্টাল থানার পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর,

এদিন দুপুরে তপনের বাবা পুকুরে মাছ ধরে মাঠের মাঝের পুকুরে ছাড়েন। পুকুর থেকে যাতে কেউ জাল ফেলে মাছ ধরতে না পারে সেই কারণে গাছের ডাল সেই পুকুরে ফেলতে যাচ্ছিলেন তপন। অভিযোগ সেখানে যাওয়ার সময় তপন দেখতে পায় ইন্দ্র হুকি করে বিদ্রূৎ চুরি করে মোটর দিয়ে জল তুলছে। সেই ঘটনার প্রতিবাদ করলে আচমকা তাঁর উপর চড়াও হয় অভিমুখ। তপনের দাবি ওই রাস্তা দিয়ে কেন সে যাচ্ছে সেই অভিযোগ তুলেই হামলা চালানো

হয়েছে। সে বিজেপি করে বলেই আসলে এই হামলা। অভিযুক্ত তৃণমূল দল করে। এর আগেও একাধিকবার এই ধরনের হামলা তপনের উপর হয়েছে বলেও অভিযোগ করেছেন তিনি। যদিও এই ঘটনার পিছনে কোন রাজনীতি নেই বলেই দাবি করেছেন বাসন্তী ব্লকের তৃণমূল নেতা রাজা গাজী। তিনি বলেন, এটা ওই দুই পরিবারের ব্যক্তিগত বিষয় নিয়ে ঝামেলার জেরে ঘটেছে। এর পিছনে কোন রাজনীতি নেই। পুলিশ তদন্ত করে দেখিাদের বিরুদ্ধে ব্যবস্থা নিক।

জমি বিবাদের জেরে আক্রান্ত চার মহিলা

গোসাবা, ১৮ ফেব্রুয়ারিঃ জমি নিয়ে বিবাদের জেরে নিকট আত্মীয়দের হাতে আক্রান্ত হলেন চার মহিলা। আহতদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক। শনিবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে সুন্দরবন কোস্টাল থানার অন্তর্গত ৫ নম্বর কালিদাসপুর গ্রামে। ঘটনায় গুরুতর জখম হয়েছেন বন্যা বিশ্বাস, সাগরিকা মন্ডল, নমিতা গায়েন ও রিতা মণ্ডল।

আহতদের মধ্যে রিতার চোট অল্প হওয়ায় তাকে ছোট মোল্লাখালি প্রাথমিক হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। বাকি তিনজনকে শনিবার রাতেই ক্যানিং মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, দীর্ঘদিন ধরেই আহতদের বোন অনিতা মন্ডলের সাথে পাঁচ বিঘা জমি নিয়ে বিবাদ রয়েছে। সেই জমি জোর করে

অনিতার ছেলে সুমন চাষ করতেন। কিন্তু এবার সেই জমি চাষ করেন আক্রান্তরা। শনিবার জমিতে ডাল চাষের পর সেখানে জল দিচ্ছিলেন তাঁরা। অভিযোগ তখনই তাঁদের উপর হামলা চালায় সুমন ও তাঁর সহযোগীরা। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালে স্থানীয়রা এই চার মহিলাকে উদ্ধার করে। এ বিষয়ে সুন্দরবন কোস্টাল থানায় লিখিত

অভিযোগ দায়ের হয়েছে। পাল্টা অনিতাদের অভিযোগ তাঁদেরকেও বৈধড়ক মারধর করা হয়েছে। দুজন আহত হয়েছেন। তাঁরাও এ বিষয়ে থানায় অভিযোগ জানিয়েছেন। দুপক্ষের অভিযোগের ভিত্তিতে ঘটনার তাম্ত শুরু করেছে পুলিশ। তবে রবিবার সন্ধ্যা পর্যন্ত এ বিষয়ে কোর্টকেই আটক বা গ্রেফতার করেনি পুলিশ।

ভেসে এলো মৃত ডলফিন

দূরন্ত বার্তা, দিঘা, ১৮ ফেব্রুয়ারিঃ বিবার সকালে কৈকত নগরী দীঘায় ভেসে এলো মৃত ডলফিন। যাকে ঘিরে পর্যটকদের মধ্যে ছড়োছড়ি পড়ে যায় ছবি তোলার জন্য। খবর পেয়ে দীঘা বনদপ্তরের কবীরা মৃত ডলফিনটিকে উদ্ধার করে নিয়ে আসে। ময়নাতদন্তের পর বালিয়াড়িতে পুঁতে দেওয়া হয় বলে বনদপ্তর সূত্রে জানা যায়। দলছুট হয়ে মৎস্যজীবীদের জালে ডলফিন টির আঘাতের কারণে মৃত্যু হতে পারে বলে প্রাথমিক অনুমান বন দফতরের। প্রায় ৪ ফুটের এই ডলফিনটি পূর্ণবয়স্ক নয় বলে বনদপ্তর সূত্রে জানা যায়। এই ঘটনায় ব্যাপক শোরগোল পড়ে গিয়েছে সৈকত নগরীতে।

পশ্চিমবঙ্গে প্রথম নির্মিত ভাষা শহিদ স্মৃতি স্তম্ভেভাষা শহিদ স্মরণ অনুষ্ঠানের প্রস্তুতি তুঙ্গে

দূরন্ত বার্তা, আমতা, হাওড়া, ১৮ ফেব্রুয়ারিঃ ৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ভাষার জন্য যারা শহিদ হন তাদের ভুলে যায় নি বাঙালি জাতি। শুধু বাঙালিরা নয় ,সারা বিশ্বের মানুষ শ্রদ্ধান্তরে স্মরণ করে ২১ ফেব্রুয়ারি ভাষা সংগ্রামীদের। আমরাই পৃথিবীর একমাত্র জাতি যারা ভাষার জন্য জীবন দিয়েছি।তাই বাঙালি জাতি হিসাবে আমাদের ভাষার প্রতি অগাধ ভালোবাসার জন্য ইউনেস্কো ভাষা শহিদের আন্তর্জাগের দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছিলো ১৯৯৯ সালের ১৭ নভেম্বর। ২০০০ সাল থেকে প্রতি বছরই জাতি সংঘ সদস্য তুক্ত দেশ গুলি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে যথাযোগ্য সম্মানের সঙ্গে পালন করে আসছে। উনশোবাহন্নর ভাষা আন্দোলনের শহীদদের সঠিক পরিসংখ্যান আমাদের জানা নেই। তবে রাষ্ট্রীয় ভাবে স্বীকৃত পাঁচ ভাষা শহিদ রফিক,জব্বার,বরকত,শফিউর ও সালাদের নাম আমাদের জানা। বাংলা ভাষার জন্য রক্ত সংগ্রাম ও শহিদ পৃথিবীর ইতিহাসে বিরল। পশ্চিমবঙ্গে প্রথম ভাষা শহিদের স্মরণে স্মৃতি স্তম্ভ স্থাপিত হয় গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া উত্তর বিধান সভা কেন্দ্রের আশ্রমতায়। গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া উত্তর বিধান সভার আমতা ১ নং পঞ্চায়েত সমিতির রসপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কলিকাতা গ্রামের পশ্চিমবঙ্গের প্রথম শ্রেণীর স্বেচ্ছাসেবী সংগঠন অগ্রগতি - র উদ্যোগে ও

ব্যবস্থাপনায় আমতা থানার প্রবেশ পথের পাশে শহিদ স্মৃতি স্তম্ভ নির্মিত হয় ১৯৯০ সালের ২১ ফেব্রুয়ারি। এর তিন বছর পর ১৯৯৩ সালে শহর কলকাতার কার্জন পার্কে স্থাপিত হয় দ্বিতীয় ভাষা শহিদ স্মৃতি ফলক। ২০১১ সালে শহর কলকাতার দেশপ্রিয় পার্কে স্থাপিত হয় তৃতীয় ভাষা শহিদ স্মৃতি ফলক। ২০২১ সালের ২০ ফেব্রুয়ারি গ্রামীণ হাওড়া জেলার আমতা ১ নং পঞ্চায়েত সমিতি তথা উদয়নারায়ণপুর বিধান সভা কেন্দ্রের অন্তর্গত কানপুর গ্রামে পুরাশ সারঙ্গ -র আয়োজনে একুশে স্মারক স্থাপিত হয়।

ভাষার টানে, জীবন বাংলা গানে। বাংলা ভাষার মর্যাদা রক্ষায় যারা শহিদ হয়েছেন তাঁদের স্মৃতিতে শ্রদ্ধা জ্ঞাপনে আমতা থানার প্রবেশ পথের পাশে পশ্চিমবঙ্গে প্রথম নির্মিত ভাষা শহিদ স্মৃতি স্তম্ভের পাদদেশে অগ্রগতি - র পরিচালনায় ও ব্যবস্থাপনায় ৪৭ তম বর্ষপূর্তি ২১ ফেব্রুয়ারি ২০২৪ পালনের প্রস্তুতি তুঙ্গে। শহিদ স্মৃতি স্তম্ভে নতুন করে রঙের প্রলেপ পড়েছে। ২১ ফেব্রুয়ারি ২০২৪ এর ভাষা শহিদ স্মরণ অনুষ্ঠানের ডালিতে আছে শহিদ স্মৃতি স্তম্ভে মাল্যদান, কবি - সাংবাদিক , সাহিত্যিক , শিক্ষক - শিক্ষিকা, বিভিন্ন গণ সংগঠনের প্রতিনিধি, বিদ্যালয় - মহাবিদ্যালয়ে ছাত্র -ছাত্রী, বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে পদযাত্রা। একুশে স্মারক গ্রহণ প্রকাশ। একুশে -র আলোচনা। সাংস্কৃতিক অনুষ্ঠান, একুশের প্রদর্শনী।

শীতের বিদায় বেলা, গরমে জঙ্গল সাফারি অতুলনীয়



নিয়ে জঙ্গল সাফারি মজাই আলাদা। পর্যটকদের অনেকের কাছে এই গা ছমছম ভাব নিয়ে জঙ্গল সাফারি এক দুর্দান্ত অনুভূতি। বস্ত্রা যাওয়ার পথে রয়েছে প্রচুর চা কফি মেমোরি দোকান। এক ভাবে চলতে চলতে জিরিয়ে নেওয়ার অবসর সময়। সাধারণত প্রতিবছর গরমের সময় প্রচুর পর্যটক দূর-দূরান্ত থেকে এই বস্ত্রার জঙ্গল দর্শন করবার জন্য

এসে থাকেন। বস্ত্রা বরাবর পর্যটকদের কাছে আকর্ষণীয়। অনেকে গা ছমছম মনোভাব নিয়ে বস্ত্রার জঙ্গল সাফারি করতে ভালোবাসেন। অনেকেরই পাহাড় পছন্দ নয় পছন্দ জঙ্গল। আর জঙ্গল মানেই বস্ত্রা, এক গা ছমছম মনোভাব নিয়ে বস্ত্রার জঙ্গল সাফারি করার মজাই আলাদা।

ক্যানিংয়ের তালদিতে আগুন লেগে ভস্মীভূত গোটা বাড়ি

ক্যানিং, ১৮ ফেব্রুয়ারি : আগুনে ভস্মীভূত হয়ে গেল একটি বাড়ি। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে ক্যানিংয়ের তালদি রাজাপুর খাঁ পাড়া এলাকায়। রহমত সর্দার এর বাড়িতে আগুন লাগে। স্থানীয়রা আগুন নেভানোর কাজে হাত লাগলেও রক্ষা করা যায়নি।

সম্পূর্ণ বাড়িটি আগুনে ভস্মীভূত হয়ে যায়। কিছুই উদ্ধার করা সম্ভব হয়নি ঘর থেকে। উনানোর আগুন থেকে দুর্ঘটনা ঘটেছে বলে প্রাথমিক অনুমান পুলিশের। বাড়িতে বিদ্যুৎ সংযোগ নেই, ফলে শট সার্কিট থেকে আগুন লাগেনি বলে নিশ্চিত পুলিশ।

প্রতিদিনের মতো বাড়িতে রান্নার সময় কোনভাবে এই আগুন লেগেছে বলেই অনুমান। এই ঘটনায় কয়েক লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি ক্ষতিগ্রস্থ পরিবারের সদস্যদের। অগ্নিকাণ্ডে সর্বশ্ব হারিয়ে কান্নায় ভেঙে পড়েছেন গোটা পরিবার। পরিবারের পাশে দাঁড়িয়েছে

ক্যানিং থানার পুলিশ। এসটিপিও ক্যানিং রাম মণ্ডলের নেতৃত্বে আই সি ক্যানিং সৌগত ঘোষ সহ অন্যান্য পুলিশ কর্মীরা দুর্ঘটনাগ্রস্থ পরিবারের হাতে শাড়ি, কব্বল সহ অন্যান্য সামগ্রী তুলে দেন। পরিবারের পাশে থাকার বার্তাও দিয়েছেন পুলিশ কর্তারা।

১০০ দিনের কাজের বকেয়া পাওনা টাকা প্রদানে পঞ্চায়েত অফিসের সামনে খোলা হয়েছে সহায়তা কেন্দ্র

মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ১৮ ফেব্রুয়ারিঃ ১০০ দিনের কাজের বকেয়া পাওনা টাকা প্রদানের জন্য তৃণমূল কংগ্রেসের উদ্যোগে আজ রবিবার থেকে শুরু হয়েছে প্রতিটি পঞ্চায়েত অফিসের সামনে খোলা হয়েছে সহায়তা কেন্দ্র।

তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোষণা অনুযায়ী ১০০ দিনের কাজের পাওনা টাকা প্রদানের জন্য রবিবার ১৮ই ফেব্রুয়ারী থেকে শুরু হয়েছে সহায়তা কেন্দ্র চলবে আগামী ২৫শে ফেব্রুয়ারী পর্যন্ত। রবিবার উলুবেড়িয়া ১নং ব্লকের চাঁচপূর পঞ্চায়েতের সামনে সহায়তা



কেন্দ্রে উপস্থিত ছিলেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্তমন্ত্রী পুলক রায়, তিনি উপভোক্তাদের

সঙ্গে কথা বলেন, আরো উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের সদস্য দুলাল কর, চন্ডীপুর

ফ্যাশন ও রূপচর্চা

ত্বককে জেল্লাদার করতে বড়িতেই ফুট ফেসিয়াল করে নিন

শীত গুটি গুটি পায়ৈ বিদায় নিচ্ছে। বসন্ত আসন্ন। শুষ্ক আবহাওয়ায় ত্বকের অবহেলা করলেই আর রক্ষে নেই! এদিকে বিয়ের মরশুম। একের পর এক বিয়েবাড়ির আমন্ত্রণ। ত্বককে জেল্লাদার করতে বড়িতেই ফুট ফেসিয়াল করে নিন। পার্লামের খরচাও নেই। আবার সহজেই জেল্লাদার ত্বক পেয়ে যাবেন। বিয়েবাড়িতে আইক্যান্ডি হয়ে উঠতে রটপট জেনে নিন ফুট ফেসিয়ালের রকমারি টিপস। ফুট ফেসিয়াল যেমন ত্বককে পুষ্টি



জোগায়, তেমনই জেল্লাদার করে তোলে। আর এই ত্বকচর্চার জন্য পার্লামের কারি কারি টাকা খরচ করার দরকার নেই। শুধুমাত্র ফলেই কেল্লাফতেহ! পেঁপে, কলা, কমলালেবু, বেদানা- এই ফলগুলো কিন্তু ম্যাজিকের মতো

কাজ করে ত্বকের জেল্লা ফেরানোর জন্য। তবে ফুট ফেসিয়াল করার আগে সবার প্রথমে স্ক্রাবিং দরকার। টক দইয়ের সঙ্গে গুঁটস মিশ্রারে পেস্ট করে নিয়ে তাতে মধু দিন। সেটা মুখে, গলায়, কাঁধে লাগিয়ে মিনিট পনেরো রেখে হালকা শুকোতে দিন। এরপর ইয়দুষ জল দিয়ে সার্কুলার মেশনে আসতে আসতে শুষ্ক চামড়ার জায়গাটা ঘষুন। তারপর ধুয়ে ফেলুন। এবার ফুট ফেসিয়ালের পালা। বেদানার রসের সঙ্গে ময়দা, মধু মিশিয়ে ফেসমাস্ক তৈরি করুন। দেখবেন ত্বক ঝকঝকে হয়ে উঠবে।



প্রাকৃতিক ময়েশচারাইজার হিসাবে কাজ করে। একটি কলা লাবণ্য বাড়াতে দিন দুয়েক করে মেখে নিন। একটু শুকিয়ে এলে ধুয়ে ফেলুন। পাকো পেঁপে চটকে নিয়ে তার মধ্যে মধু মিশিয়ে নিন। কিছুক্ষণ রেখে হালকা উষ্ণজলে মুখ ধুয়ে

ফেলুন। দেখবেন ত্বক ঝকঝকে হয়ে উঠবে। শীতকালে ত্বকের লাবণ্য বাড়াতে দিন দুয়েক অন্তর কমলালেবুর রসের সঙ্গে মধু মিশিয়ে লাগান। পনেরো মিনিট রেখে ধুয়ে ফেলুন। কাচা দুধের সঙ্গে বেসনের ফেসপ্যাকও খুব উপকারী।

উদয়পুর দুই গাড়ির সংঘর্ষে গৃহবধূর মৃত্যু, গুরুতর আহত চালক সহ পাঁচ

উদয়পুর (ত্রিপুরা), ১৮ ফেব্রুয়ারি ঃ রবিবার গোমতি জেলার উদয়পুরে আবারও পথ দুর্ঘটনায় এক যুবতীর মৃত্যু হয়েছে। গুরুতর আহত হয়েছে আরও পাঁচজন। জানা গিয়েছে, রবিবার উদয়পুরে মাতা ত্রিপুরেশ্বরী মায়ের মন্দিরে আসেন পূজা দিতে একটি পরিবারের কয়েকজন।

আগরতলার সূর্য চৌমুহনিন আদিত্য সাহা ও তাঁর স্ত্রী দেবদ্রিতা চৌধুরী সহ আরও কয়েকজন ছিলেন। পূজা দিয়ে আগরতলায় ফেরার পথে বাগমা কড়ইমুড়া যাওয়া মাত্র টিআর ০১ এডব্লিউ ০৫২৪ নম্বরের গাড়িটি আগরতলা থেকে আগত টিআর ০১ বিএস ০৭৯৩ নম্বরের গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষে লিপ্ত হলে।

এতে চারজন আহত হয়েছেন। এঁরা দেবদ্রিতা চৌধুরী, আদিত্য সাহা, লক্ষ্মী সাহা ও গাড়ি চালক সমীর রায়। আহতদের সঙ্গে সঙ্গে নিয়ে যাওয়া হয় গোমতি জেলা হাসপাতালে। সেখানে কর্তব্যরত চিকিৎসক দেবদ্রিতা চৌধুরীকে মৃত বলে ঘোষণা করেন। আহতদের আগরতলায় রেফার করা হয়েছে। জানা গেছে দুর্ঘটনায় আরও দুজন আহত হয়েছেন। উৎপল সাহা (২৮) এবং রাণা সুব্রধর (৬৩)কে বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। খবর পেয়ে দুর্ঘটনাস্থলে ছুটে যায় পুলিশ। একটি মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ।

চাকমাঘাটে দুই শিশুকন্যার উপর যৌন হেনস্তা, খোঁজ নিল রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের টিম

তেলিয়ামুড়া (ত্রিপুরা), ১৮ ফেব্রুয়ারিঃ খোয়াই জেলার তেলিয়ামুড়া থানার অধীন চাকমাঘাটে দুই নাবালিকা শিশুকন্যার উপর যৌন হেনস্তাজনিত ঘটনার খোঁজখবর নিতে আসলেন ত্রিপুরা রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের প্রতিনিধিরা। কথা বলেছেন নির্ধারিত দুই শিশু ও অভিভাবকদের সাথে। পুলিশের কাছে অনুরোধ করেছেন, যাতে অভিযুক্ত যুবককে অবিলম্বে গ্রেফতার করা হয়।

জানা গিয়েছে, তেলিয়ামুড়া থানা এলাকার চাকমাঘাটের সাগর মারাক নামে এক যুবক তার পাশের বাড়ির ছোট ছোট দুই শিশুকন্যার উপর যৌন অত্যাচার করে। নির্ধারিত দুই শিশুকন্যা তাদের পরিবারের লোকজনদের কাছে বিষয়টি জানালে তাদের পরিবারের লোকজন তেলিয়ামুড়া থানায়

ঘটনায় অভিযুক্ত সাগর মারাকের বিরুদ্ধে মামলা দায়ের করেন। অভিযোগ পেয়ে তেলিয়ামুড়া থানার পুলিশ ৩৫৪(বি),৫০৬ আইপিসি এবং পক্ষা আইনের ৪ ধারায় মামলা নথিভুক্ত করে। তবে মামলা রুজু করার পর পুলিশের তেমন কোনও তৎপরতা এই বলে ওঠে অভিযোগবিভিন্ন সংবাদ মাধ্যমের খবরে নড়েচড়ে বসে রাজ্য শিশু সুরক্ষা ও অধিকার কমিশন। রবিবার সকালে রাজ্য শিশু সুরক্ষা ও অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মী ও সদস্যা শর্মিলা চৌধুরী তেলিয়ামুড়া থানায় যান।

তাঁরা ঘটনায় অভিযুক্ত সাগর মারাককে গ্রেফতার করে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। অবশেষে শিশু সুরক্ষা ও অধিকার কমিশনের দাবডানি খেয়ে তেলিয়ামুড়া থানার পুলিশ অভিযুক্ত সাগর মারাককে গ্রেফতার করতে দৌড়ঝাপ শুরু করে।পরে



তেলিয়ামুড়া থানার পুলিশ সহ রাজ্য শিশু সুরক্ষা ও অধিকার কমিশনের চেয়ারপার্সন সহ সদস্যা নির্ধারিত দুই শিশু কন্যার বাড়িতে গিয়ে তাদের পরিবারের লোকজনদের সাথে কথা বলে এ ধরনের জঘন্য ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন। পাশাপাশি নির্ধারিত দুই শিশু

কন্যার পরিবারের লোকজনদের মাস্রাস দিয়েছেন, ঘটনায় অভিযুক্ত কোনওদিনও আইনের হাত থেকে বাঁচতে পারবে না। পাশাপাশি দুই শিশু কন্যার পরিবারের পাশে রাজ্য শিশু সুরক্ষা ও অধিকার কমিশন সব সময় থাকবে বলে জানিয়েছেন তাঁরা।

লোয়াইরপোয়ার মাগুরায় অনুষ্ঠিত সপ্তদিবসীয়া নৌকাপূজায় ভক্তকুলের ভিড়

বাজারিছড়া (অসম), ১৮ ফেব্রুয়ারিঃ বিগত দিনের মতো এবারও পাথারকাপি নির্বাচন কেন্দ্রের অন্তর্গত ত্রিপুরা ও মিজোরাম সীমান্তযোঁয়া লোয়াইরপোয়া ব্লকের বেরেবেরি গ্রাম পঞ্চায়েতের উত্তর-মাগুরায় সাড়ম্বরে অনুষ্ঠিত হচ্ছে মা মনসার নৌকাপূজা। নৌকাপূজাকে কেন্দ্র করে মেলাও বসে মঙ্গলবার শুভ অধিবাসের মাধ্যমে পূজার সূচনা হয়েছিল। আগামীকাল সোমবার দশমী তিথিতি পূজার সমাপ্তি হবে।

সূচনা পর্ব থেকে ধর্মীয় রীতিনীতির মাধ্যমে যথারীতি পূজাচলা চলে। নৌকাপূজায় বিশেষত মা মনসা দেবীর আরাধনা করা হয়। ফলে শ্রদ্ধার সঙ্গে চলে পন্থাপূরণ পাঠ। এতে দূরদূরান্তের ওঝা ও কীর্তিনীয়ায় অংশগ্রহণ করেন। সাত দিনের পূজোয়

ভক্তের ভিড় ছিল চোখে পড়ার মতো। প্রতিদিন দুপুরে উপস্থিত ভক্তদের মধ্যে ফলমূল নেদোও রবিবার নবমীতে মহাপ্রসাদ বিতরণ করা হয়েছে। পূজোয় সীমান্তবর্তী রাঙ্গামাটি, বালিগিপলা, কটেছকড়া, খাগড়াগুড়া, মাগুরা, ইচাঘিল, বাজারিছড়া, লোয়াইরপোয়া প্রভৃতি এলাকার জনগণ অংশগ্রহণ করেন। ফলে পূজার কয়দিন গোটা এলাকাভূডে এক উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। নৌকাপূজা পরিচালন কমিটির সভাপতি শান্তনু দাস সহ কমিটির অন্য পদাধিকারী যথাক্রমে অনন্ত দাস, সঞ্জয় দাস, আশিস দাস প্রমুখ জানান, সকলের সক্রিয় সহযোগিতায় এবারও মাগুরায় অষ্টমবারের মতো নৌকাপূজা অনুষ্ঠিত হচ্ছে।

প্রধানমন্ত্রীর জন্ম সফরের আগে কড়া নিরাপত্তার ব্যবস্থা

জন্ম, ১৮ ফেব্রুয়ারি ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্ম সফরের আগে নিরাপত্তা বাহিনীকে সতর্ক করা হয়েছে। সমস্তরকম নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামী মঙ্গলবার প্রধানমন্ত্রী মোদীর জন্ম সফরের কথা রয়েছে। সেজন্য নিরাপত্তা বাহিনীকে সমগ্র কান্ধীর উপত্যকায় সতর্কতা অবলম্বন করার নির্দেশ দেওয়া হয়েছে। রবিবার এক আধিকারিক জানিয়েছেন, পুলিশ

এবং আধাসামরিক বাহিনী শ্রীনগর শহর এবং কান্ধীর উপত্যকার অন্যান্য জায়গায় যানবাহন পরীক্ষা করা শুরু করেছে। মোদীর জন্ম সফরের কারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে শ্রীনগরের বিভিন্ন স্থানে প্রবেশ ও প্রস্থান পর্যায়ে বিশেষ চেকিং করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেইসঙ্গে অতিরিক্ত নিরাপত্তা বাহিনীও নিযুক্ত করা হয়েছে।

কংগ্রেস বিধায়ক সুদীপ রায়বর্মণের বৈঠক

বিলোনিয়া (ত্রিপুরা), ১৮ ফেব্রুয়ারি ঃ দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া সফরে কংগ্রেস বিধায়ক সুদীপ রায়বর্মণ সফরে এসে বিলোনিয়া কংগ্রেস ভবনে সাংগঠনিক বৈঠক করেন তিনি। রবিবার বেলা একটা নাগাদ সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। দক্ষিণ জেলার সাতটি ব্লকের সভাপতি সহ কংগ্রেস নেতা ও কর্মীদের নিয়ে হয় বৈঠক।

লোকসভা নির্বাচনকে সামনে রেখে দলের রণকৌশল এবং আগামীদিনে কংগ্রেস দলের সংগঠনকে আরও কীভাবে মজবুত করা যায় সে বিষয়ে দীর্ঘ সময় রুদ্ধদ্বার বৈঠক অনুষ্ঠিত হয়েছে বিলোনিয়া কংগ্রেস ভবনে। লোকসভা নির্বাচনের আগে এক প্রকার দলীয় কর্মীদের চান্স কলইহে কংগ্রেস বিধায়ক সুদীপ রায়বর্মণের সফর।

১১২ শিশি ফেসিডাইল সহ ধৃত ৩

তেলিয়ামুড়া (ত্রিপুরা), ১৮ ফেব্রুয়ারিঃ পাঁচারকালে খোয়াই জেলার তেলিয়ামুড়া থানার পুলিশের হাতে বাজেয়াপ্ত হয়েছে ১১২ শিশি ফেসিডাইল। গ্রেফতার বহিঃরাজ্যের তিন যুবক। ঘটনা তেলিয়ামুড়া থানাধীন ত্রিশাবাড়িস্থিত রেলওয়ে স্টেশন সংলগ্ন এলাকার। পুলিশ জানিয়েছে, তেলিয়ামুড়া পুলিশের কাছে গোপন খবর আসে, বহিঃরাজ্যের তিন যুবক তেলিয়ামুড়া স্টেশনে ট্রেন থেকে নেমে গাড়িতে চেষ্টে আগরতলায় নেশা সামগ্রী নিয়ে পাড়ি দিচ্ছে। ওই খবরের উপর ভিত্তি করে তেলিয়ামুড়া থানার পুলিশ অভিযান চালিয়ে বহিঃরাজ্যের সন্দেহজনক তিন যুবককে আটক করে তালশি চালায়। তালশিতে তাদের কাছ থেকে মোট ১১২ শিশি ফেসিডাইল বাজেয়াপ্ত করে পুলিশ।



১০০ দিনের কাজের বঞ্চিত শ্রমিকদের বকেয়া পারিশ্রমিক পাওয়ার ক্ষেত্রে সহায়তা কেন্দ্র খোলা হয়েছে দক্ষিণ হাওড়া বিধানসভা কেন্দ্রেও। রবিবার সেখানে উপস্থিত ছিলেন বিধায়িকা নন্দিতা চৌধুরী সহ অন্যান্যরা।

২১ শে শুরু করিমগঞ্জের ইন্দো-বাংলা সীমান্তবর্তী লাভু কালীবাড়িতে শ্রীশ্রী হরিনাম সংকীর্তন

করিমগঞ্জ (অসম), ১৮ ফেব্রুয়ারিঃ প্রতি বছরের মতো এবারও করিমগঞ্জ জেলার ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী লাভু কালীবাড়িতে আগামী ২১ ফেব্রুয়ারি থেকে শুরু হবে ভুবনমঙ্গল অষ্টপ্রহর শ্রীশ্রী হরিনাম সংকীর্তন। এবার এই মন্দিরে হরিনাম সংকীর্তন চোদ্দ বছরে পড়েছে। এবারের কীর্তনে মোট খরচ ধার্য করা হয়েছে সাত লক্ষ টাকা। স্থানীয় ভক্তপ্রাণ জনগণের দানকৃত টাকায় কীর্তন অনুষ্ঠিত হবে। ভুবনমঙ্গল অষ্টপ্রহর সংকীর্তনে নামসুধা পরিবেশনের জন্য আসবেন কলকাতার বৃন্দার্নন ও বেতারশিল্পী মৌমিতা বিশ্বাস, উত্তর চব্বিশ পরগনার রাধারমণ লীলাকীর্তন সম্প্রদায়ের শিল্পীরা।

এছাড়া হরিনাম বিতরণ করতে আমন্ত্রণ জানানো হয়েছে বাংলাদেশ, ত্রিপুরা এবং বরাক উপত্যকার বিশিষ্ট নাম লীলা কীর্তিনীয়া সম্প্রদায়গুলিকে। বিখ্যাত কীর্তিনীয়া সন্মেন বৈদ্যও অংশগ্রহণ করবেন ভুবনমঙ্গল অষ্টপ্রহর শ্রীশ্রী হরিনাম সংকীর্তনে। তাছাড়া আমন্ত্রণ জানানো হয়েছে শিলচরের বাঁকেবিহারী সম্প্রদায় এবং করিমগঞ্জের সীতানাহ সম্প্রদায়ের শিল্পীদেরও। আগামী ২১ ফেব্রুয়ারি শোভাযাত্রা এবং মঙ্গলঘটি স্থাপন করে শুভ অধিবাসের মাধ্যমে শুরু হবে সংকীর্তনের। পরেরদিন ২২ ফেব্রুয়ারি দিবারাত্র নামলীলা পরিবেশন হবে। ২৩ ফেব্রুয়ারি নগর পরিক্রমা শেষে দ্বিতীয়া ভজ্ঞন ও মহন্ত বিদায়ের মাধ্যমে শ্রীশ্রী হরিনাম সংকীর্তনের সমাপ্তি হবে। ভুবনমঙ্গল অষ্টপ্রহর শ্রীশ্রী হরিনাম সংকীর্তনে সকল সনাতনী ভক্তপ্রাণ জনগণের উপস্থিতি ও সক্রিয় সহযোগিতা কামনা করেছে আয়োজক মণ্ডলী।

Name Change
I,NISHITA JAODIA, DAUGHTER OF M KR JAODIA,WIFE OF VISHRUT JHAWAR, RESIDING AT PALACIO BUILDING FLAT-3A/6 QUEENS PARK BALLYGUNGE KOLKATA - 700019, WEST BENGAL HAVE CHANGED MY NAME TO NISHITA JAODIA JHAWAR VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGIS-TRATE AT ALIPORE COURT ON 16/02/2024.THAT NISHITA JAODIA AND NISHITA JAODIA JHAWAR BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PER-SON.

Name Change
I,VINEETA AGARWAL, DAUGHTER OF RA-JESH KUMAR AGARWAL,WIFE OF AB-HISHEK MURARKA, RESIDING AT FLAT -22B IDEAL ROYALE 177 MANIKTALA MAINROAD NEAR MITALI CLUB KANKUR-GACHHOKOLKATA - 700054, WEST BEN-GAL HAVE CHANGED MY NAME TO VINEETA MURARKA VIDE AN AFFI-DAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALI-PORE COURT ON 16/02/2024.THAT VI-NEETA AGARWAL, AND VINEETA MURARKA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I FOROZA KHATUN, W/O MD ER-SHAD MALLICK, R/O VILL-AMIRA,PO-ATI, PS-DADPUR, DIST-HOOGHLY RURAL, PIN-712305, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS FIROZA KHATUN, VIDE AN AFFI-DAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC AT KOLKATA ON 16/02/2024, THAT FOROZA KHATUN AND FIROZA KHATUN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I OYOULI MOHAMMED, S/O MD. SHARIF, R/O A/12/3, UTTARAYAN SARANI, NAWADAPARA, RASHIDI MEDICAL HALL, ARIADAH, ARI-ADAH, KOLKATA -700057, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS WALI MOHAMMAD, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALIPORE COURT ON 16/02/2024,THAT OYOULI MOHAMMED AND WALI MO-HAMMAD ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I SUSHIL PAL, S/O SHAKTIPADA PAL, R/O UTTAR FARA, PATRA, VITANIS, HOOGHLY -712149, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUSHIL KUMAR PAL, VIDE AN AFFI-DAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALIPORE COURT ON 16/02/2024, THAT SUSHIL PAL AND SUSHIL KUMAR PAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I,HASANUJJAMAN MANDAL,SON OF AFAZUDDIN MANDAL, RESIDING AT VILL & PO - BRINDABANPUR,PS-DOMKAL, MURSHIDABAD - 742406, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS HASANUZZAMAN MANDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 16/02/2024.THAT HASANUJJAMAN MANDAL AND HASANUZZAMAN MANDAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

Name Change
I,SAKBAR ALI, RESIDING AT VILL-RAY-PUR,PO-DAKSHIN CHATRA,PS-BADURIA,NORTH24PARGANAS-743247 ,WEST BENGAL,THAT MY FATHER EBAADAT ALI & EBAADAT MANDAL SHALL HENCEFORTH BE KNOWN AS EBAADAT MANDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 16/02/2024.THAT EBAADAT ALI & EBAADAT MANDAL AND EBAADAT MANDAL BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I BIMAL MAJUMDAR S/O JOGESH MAJUMDAR, R/O- 12/5, JYOTIRMOY NAGAR, THAKURPUKUR, KOLKATA- 700063 HAVE CHANGED MY NAME TO BIMAL MAJUMDER VIDE AFFI-DAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC ON 09/02/2024 AT KOLKATA. BIMAL MAJUMDAR HENCEFORTH BE KNOWN AS BIMAL MAJUMDER FOR ALL PURPOSES AND THEY ARE BOTH SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Md Tabbar Rahman Mollah (old name) S/O Late Ajeher Molla, Residing at Vill- Bardham, P.O.- Nadanghat, Purba Bardham, P.O.- 735151, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Tabbar Rahman Molla (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 16/02/2024. Tabbar Rahman Molla (new name) and Md Tabbar Rahman Mollah (old name) both are same identical person.

Name Change
I, Sakbar Hossain (old name) S/O Late Ajeher Molla, Residing at Vill- Bardham, P.O.- Nadanghat, Purba Bardham, P.O.- 735151, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sakbar Hossain (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 16/02/2024. Sakbar Hossain (old name) and Sakbar Hossain (old name) both are same identical person.

Name Change
I, Sabari Saha (old name) D/O Sankar Das, Residing at 107/5, Uttar Purbachal, Haltu, Kolkata- 700078, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sabari Das (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 16/02/2024. Sabari Das (new name) and Sabari Saha (old name) both are same identical person.

Name Change
I, Previously Called SHOAB ALAM(OLD name) S/o,Late MD,SIDDIQUE, R/o/6/1, Nawab Ali Lane, P.S.EKBALPORE Kolkata-700023.Have Changed My Name as MD.SHOAB ALAM(new name)vide an affidavit sworn before the notary public at Kolkata on -17/02/2024.Therefore SHOAB ALAM AND MD.SHOAB ALAM are same identical persons.

যাত্রীদের সামগ্রী চুরি করার অভিযোগে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেল সুরক্ষা বাহিনীর হাতে গ্রেপ্তার ৬ ব্যক্তি

মালিগাঁও, ১৮ফেব্রুয়ারিঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) নিজেদের জোনের মধ্যে১৩ থেকে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ পর্যন্ত নিয়মিত তল্লাশি অভিযানের সময় যাত্রীদের সামগ্রী চুরি করার অভিযোগে ০৬ জন ব্যক্তিকে গ্রেপ্তার করে। বিভিন্ন স্টেশন ও ট্রেনে এই তল্লাশি অভিযানের সময় আরপিএফ গুয়াহাটি, ডিমাপুর, কিয়ানগঞ্জ, কাটিহার, আলিপুরদুয়ার, নিউ জলপাইগুড়ি ইত্যাদি রেলওয়ে স্টেশন থেকে সফলভাবে প্রায় ৭২.৫হাজার টাকার মূল্যবান সামগ্রী উদ্ধার করে। পরবর্তী আইনি পদক্ষেপের জন্য উদ্ধারকৃতমূল্যবান সামগ্রী সহ ধৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট জিআরপি-এর ভারপ্রাপ্ত আধিকারিকের হাতে তুলে দেওয়া হয়। ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের একটি ঘটনায় আলিপুরদুয়ার আরপিএফ টিম আলিপুরদুয়ারের সিপিডিএস এবং সিআইবি টিমের সাথে যৌথভাবে



০২৫১৭ নং.আপ (কলকাতা-গুয়াহাটি স্পেশাল) ট্রেনে এসকট দেওয়ার সময় প্রায় ২০ হাজার টাকা মূল্যের দুটি চুরি করা মোবাইল ফোন সহ একজন ব্যক্তিকে আটক করে। একই দিনে গুয়াহাটির আরপিএফ টিম গুয়াহাটির সিআইবি টিমের সাথে যৌথভাবে গুয়াহাটি রেলওয়ে স্টেশনে তল্লাশি অভিযান চালানোর সময় প্রায় ১০ হাজার

টাকা মূল্যের দুটি চুরি করা মোবাইল ফোন সহ একজন ব্যক্তিকে আটক করে। ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে নিউ জলপাইগুড়ি আরপিএফ-এর এসকট টিম

১৫৬৫৭নং. আপ (ব্রহ্মপুত্র মেল) ট্রেনে পাহারা দেওয়ার সময় প্রায় ৯.৫ হাজার টাকা মূল্যের দুটি চুরি করা মোবাইল ফোন সহ একজন ব্যক্তিকে আটক করে।১৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে কাটিহারের (ইস্ট) আরপিএফ টিম এবং সিপিডিএস ও জিআরপি টিম যৌথভাবে কাটিহার রেলওয়ে স্টেশনে তল্লাশি চালানোর সময় ৩ হাজার টাকা নগদ সহ একটি চুরি করা লেডিস পার্স সহ এক ব্যক্তিকে আটক করে। একই দিনে কিয়ানগঞ্জের আরপিএফ টিম নিউ জলপাইগুড়ির সিআইবি টিমের সাথে যৌথভাবে কিয়ানগঞ্জ রেলওয়ে স্টেশনে তল্লাশি চালিয়ে প্রায় ১৫ হাজার টাকা মূল্যের একটি চুরি করা মোবাইল ফোন সহ একজন ব্যক্তিকে আটক করে। ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে ডিমাপুরের আরপিএফ টিম১৫৬৬৬নং. ডাউন (বিজি এক্সপ্রেস) ট্রেনে ডিমাপুর রেলওয়ে স্টেশনে তল্লাশি চালিয়ে প্রায় ১৫

হাজার টাকা মূল্যের একটি চুরি করা মোবাইল ফোন সহ একজন ব্যক্তিকে আটক করে। ২০২৪-এর জানুয়ারি মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী যাত্রীদের সামগ্রী চুরি করার অভিযোগে ৬০ জন ব্যক্তিকে গ্রেপ্তার করে এবং প্রায় ৬.৫২ লক্ষ টাকা মূল্যের ৪০টি মোবাইল, ০১টি ল্যাপটপ ও নগদ অর্থ ইত্যাদি উদ্ধার করে। পরবর্তী আইনি পদক্ষেপের জন্য উদ্ধারকৃতমূল্যবান সামগ্রী সহ ধৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট জিআরপি-এর ভারপ্রাপ্ত আধিকারিকের হাতে তুলে দেওয়া হয়। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ রেল যাত্রীদের সুরক্ষা নিশ্চিত করার কাজের পাশাপাশি রেল ব্যবহারকারীদের দিক নির্দেশ এবং সাহায্য প্রদানের জন্য সব সময় প্রস্তুত ট্রেনে যাত্রা করার সময় কোনও ধরনের সমস্যার সম্মুখীন হলে রেল যাত্রীরা ১৩৯ (টোল-ফ্রি) নম্বরে কল করতে পারেন।



দক্ষিণেশ্বর কালী মন্দিরে আজ একটি জাতীয় সম্মেলনের আয়োজন করা হয়েছে বিশ্ব রানী রাসমনির জীবন ও সমাজ সংস্কারে তার অবদান মন্দির প্রাঙ্গণে। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনে আজাদীকা অমৃত কাল উইমেন এমপাওয়ারমেন্ট কর্মসূচিতে লোকোমাতা রানী রাসমণি ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে উপস্থিত আছেন সম্পাদক কুশল চৌধুরী সহ অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন। রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন বেলুড়ের মহারাজ শ্রী সারদা মঠ রামকৃষ্ণ সারদা মিশ্রণের মাতাজি, ভারত সেবাশ্রম সংঘ’ ইন্ডিয়ান মিডিজিয়ামও বিভিন্ন সংস্থা এই সম্মেলনে অংশগ্রহণ করেন । ছবি সুবল সাহা ।

বেঙ্গল পাক্ষিক পত্রিকা সমিতির সাধারণ সভা

দুরন্ত বার্তা, বর্ধমান, ১৮ ফেব্রুয়ারি : বেঙ্গল পাক্ষিক পত্রিকা সমিতির ১৩তম দ্বি বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হল রবিবার। বর্ধমানের গুডশেড রোড এলাকাস্থিত লায়ল ক্লাবে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ারপার্সন কাকলী গুপ্ত তা,বেঙ্গল পাক্ষিক পত্রিকা সমিতির মূল উদ্যোক্তা তথা সমিতির চেয়ারম্যান বৈদ্যনাথ কৈন্যার সহ বিশিষ্ট ব্যক্তিত্ব ও বিভিন্ন সংবাদ মাধ্যমের কর্মীরা।প্রদীপ প্রজ্জ্বালন করে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ারপার্সন কাকলি গুপ্ত তা। এদিনের অনুষ্ঠানে মূল আলোচ্য বিষয় ছিল গনতান্ত্রিক রাষ্ট্রে সংবাদ মাধ্যমের ভূমিকা। এছাড়াও সংবাদ মাধ্যমের কর্মীদের বিভিন্ন সমস্যা, জনমত গঠনে সংবাদ মাধ্যমের ভূমিকা, সংবাদকর্মীদের বিভিন্ন সরকারি পরিষেবা ও সুযোগ সুবিধা প্রদানের দাবী সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে এদিন আলোচনা করা হয়। সমিতির চেয়ারম্যান বৈদ্যনাথ কৈন্যার (বুলবুল কৈন্যার) বলেন, বেঙ্গল পাক্ষিক পত্রিকা দীর্ঘ ২৫ বছর ধরে সাংবাদিকদের পেনশন, ক্ষুদ্র পত্র পত্রিকার বিত্তপাণ নীতি, সাংবাদিকদের সরকারি আবাসন, নিরাপত্তা সহ বিভিন্ন দাবী নিয়ে আন্দোলন চালিয়ে আসছে। আগামী দিনেও সাংবাদিক ও সংবাদমাধ্যমের স্বার্থ সুরক্ষায় একক ভাবে তারা আন্দোলন চালিয়ে যেতে বদ্ধ পরিকর।

আজ উত্তর প্রদেশে ১৪ হাজার প্রকল্পের উদ্বোধনে প্রধানমন্ত্রী



লখনউ, ১৮ ফেব্রুয়ারি : সোমবার ১৯ ফেব্রুয়ারি ১০ লক্ষ কোটি টাকার ১৪ হাজার প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার যোগী আদিত্যনাথ সরকারের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন হতে চলেছে। কারণ সোমবারই উত্তর প্রদেশকে ১ ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিণত করার সংকল্প বাস্তবায়িত হবে চলেছে। আর এই সংকল্প নিয়ে এগিয়ে চলেছেন প্রধানমন্ত্রী। নরেন্দ্র মোদী লখনউয়ের ইন্দিরা গান্ধী প্রতীষ্ঠান ৪.০ আয়োজিত হচ্ছে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী সহ সমস্ত ভিআইপি অংশগ্রহণ করবেন। ২২ জানুয়ারী আয়োধ্যায় রাম লালার প্রাণ প্রতিষ্ঠার পর, যোগী সরকারের জন্য এটি আরেকটি বড় সুযোগ। এখন সারা বিশ্বে রোগ্যে ভুগে থাকা উত্তর প্রদেশের দিকে। উত্তর প্রদেশ রাজ্য সরকারের মুখপাত্র জানিয়েছেন, প্রধানমন্ত্রী মোদীর নির্দেশনায় এবং মুখ্যমন্ত্রী যোগীর নেতৃত্বে এক প্রকল্পগুলি শুরু হওয়ার সঙ্গে সঙ্গে রাজ্য সরকার তার লক্ষ্যের দিকে এগিয়ে যাবে।

দু-দিনের অরুণাচল সফরে আসছেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড

ইটানগর, ১৮ ফেব্রুয়ারি : আগামী ২০ ফেব্রুয়ারি দুদিনের অরুণাচল প্রদেশ সফরে আসছেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড। মূলত অরুণাচল প্রদেশের ৬৮-তম রাজ্য দিবসের অনুষ্ঠানে যোগদান করতে আসছেন তিনি। সরকারি সূত্রে এ খবর জানা গেছে। আগামী ২১ ফেব্রুয়ারি মনোরম ইন্দিরা গান্ধী পার্কে অনুষ্ঠে রাজ্য দিবসের অনুষ্ঠান ছাড়াও একাধিক সরকারি কার্যক্রমেও অংশগ্রহণ করবেন জগদীপ ধনকড। অন্যান্য কার্যক্রমের পাশাপাশি ২১ ফেব্রুয়ারি রাজভবনে রাষ্ট্রীয় পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিদের তাদের অবদানের জন্য সম্মানিত করবেন তিনি। এদিকে রাজ্য দিবস উদযাপন এবং রাজভবনে সম্মান প্রদান অনুষ্ঠানের সূচু পরিচালনা নিশ্চিত করতে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে প্রশাসন কিছু ব্যবস্থা নিয়েছে। রাজ্য দিবস উপলক্ষে গতকাল ১৭ ফেব্রুয়ারি থেকে আগামী ২১ ফেব্রুয়ারি পর্যন্ত ক্যাপিটাল ইটানগরে জারি করা হয়েছে সিআরপিসির ধারা ১৪৪। তাছাড়া ১৯ ফেব্রুয়ারি থেকে ২১ ফেব্রুয়ারি পর্যন্ত ইটানগরে অবস্থিত রাজভবনের আশপাশের ৫০০ মিটার ব্যাসার্ধে বিদ্যমান এলাকাও উল্লিখিত সময়ের মধ্যে ১৪৪ ধারার অধীনে থাকবে। ১৪৪ ধারার বিধান অনুসারে ওই সময়ের মধ্যে শহরের নির্ধারিত এলাকায় চারজনের বেশি লোককে জড়ো হতে দেওয়া হবে না।

কানে হেডফোন, গলায় শাড়ি দিয়ে ফাঁস!

দুরন্ত বার্তা, শিলিগুড়ি,১৮ ফেব্রুয়ার : কানে হেডফোন, গলায় শাড়ি দিয়ে ফাঁস! রবিবার সাত সকালে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পরগণালা শিলিগুড়ি পুরনিগমের বাগরকোট এলাকায়। ঘটনায় শোকস্তব্ধ পরিবার সহ স্থানীয় বাসিন্দারা। মৃত ওই কিশোরি নেশায় আসক্ত হলেও সঠিক কি কারণে আত্মহত্যার পথ বেছে নিল তা পরিবারের কেউ বুঝে উঠতে পারছেন না। যদিও মৃত পরীক্ষার্থীর মা এই গোটা ঘটনায় যথাস্থের আশ্চক্য ঘটনায় প্রেম ঘটিত কিনেও সমস্যা রয়েছে কিনা তা বুঝে উঠতে পারছেন না তিনি। তবে বন্ধুদের সঙ্গে কোনও সমস্যা থাকলেও থাকতে পারে বলে আশঙ্কা করেন মৃত কিশোরীর মা।

শিক্ষক নিয়োগের স্বচ্ছতাকে অস্ত্র করে লোকসভা নির্বাচনে ভোট যুদ্ধে নামছে তৃণমূল!

দুরন্ত বার্তা, মালদা, ১৮ ফেব্রুয়ারি : শিক্ষক নিয়োগের স্বচ্ছতাকে অস্ত্র করে আগামী লোকসভা নির্বাচনে নির্বাচনী ভোট যুদ্ধে নামছে তৃণমূল! মালদায় ভোট ময়দানে ঝাপিয়ে পড়লে তৃণমূলের শিক্ষক সংগঠন পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতি। লোকসভা ভোটকে পাখির চোখ করে মালদায় প্রচারে নামার সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতি। এই জন্য শিক্ষক সংগঠন পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতি গ্রামে গ্রামে প্রচারে নেমে পড়লে। শিক্ষা দপ্তরের দূনীতির কুপ্রভাব সেন ভোটারদের মধ্যে না পরে তার জন্যই তৃণমূলের এই সিদ্ধান্ত! রবিবার তৃণমূলের জেলা সভাপতি আব্দুর রহিম বক্সি প্রাথমিক শিক্ষক সংগঠন প্রতিটি চক্রের সভাপতি, বুথের কিছু কার্য কর্তাদের নিয়ে একটি সাংগঠনিক পন্থ্রত সভা সম্পন্ন হয়। সভায় প্রাথমিক শিক্ষক সংগঠনের প্রতিটি চক্রের সভাপতি, সম্পাদক সহ একাধিক কার্যকর্তা উপস্থিত ছিলেন। সভায় জেলা সভাপতি আব্দুল রহিম বক্সি প্রতি চক্র সভাপতিদের ফেব্রুয়ারি মাসের মধ্যে সম্মেলন করার নির্দেশ দেন। এবং কোন কোন শিক্ষক আগামী নির্বাচনে দলের পাশে থাকছে তা চিহ্নিত করার নির্দেশ দেন। তৃণমূলের মালদা জেলা সভাপতি আব্দুর রহিম বক্সি বলেন, শত সন্তো মুখ্যমন্ত্রী ডি এ দিয়ে দিয়েছে। সারা রাজ্য জুড়ে স্বচ্ছ শিক্ষক ও প্রধান শিক্ষক নিয়োগ স্বচ্ছ বললি হয়েছে। সরকারের এই দিকগুলি শিক্ষকদেরই তুলে ধরতে হবে।



রয়েছে। কিন্তু সারা রাজ্যব্যাপি ১০০ শতাংশ স্বচ্ছ শিক্ষক ও প্রধান শিক্ষক নিয়োগ সম্পন্ন করেছে সরকার। মালদা জেলাতে স্বচ্ছ ভাবে শিক্ষক ও প্রধান শিক্ষক নিয়োগ হয়েছে। এর সুদূর প্রসারী ভালো প্রভাব রয়েছে। এটা আমরা ভোটে প্রচার করবো। প্রসঙ্গত উল্লেখযোগ্য সারা রাজ্যের সাথে সম্প্রতি মালদা জেলাতে স্বচ্ছ প্রধানশিক্ষক নিয়োগ দিয়েছে তৃণমূল সভাপতি আব্দুর রহিম বক্সি। সেক্ষেত্রে আগামী ভোটে ভোট কাটার হিসাবে প্রধান বক্তা হিসেবে দেখা যেতে পারে মালদা জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান বাসন্তী বর্মনকে।

কর খেলাপি ৫০টি সম্পত্তির স্বত্বাধিকারীর বিরুদ্ধে ওয়ারেন্ট জারি গুয়াহাটি পুরনিগমের

গুয়াহাটি, ১৮ ফেব্রুয়ারি : কর খেলাপি ৫০টি সম্পত্তির স্বত্বাধিকারীদের বিরুদ্ধে ওয়ারেন্ট জারি করেছেন গুয়াহাটি পুরনিগম (জিএমসি) কর্তৃপক্ষ। বকেয়া আদায়ে ব্যর্থ হলে গুয়াহাটি মিউনিসিপ্যাল অ্যান্ড -১৯৭১-এর ধারা ১৮৯ (১) এবং ১৮৯ (২)-এর অধীনে ওই সব সম্পত্তি ত্রুণ করবে জিএমসি। গুয়াহাটি পুরনিগমের কমিশনার একটি প্রেসবার্তায় এ খবর জানিয়ে বলেনছেন, শহরে সম্পত্তি কর সংগ্রহ এবং ট্রেড লাইসেন্স প্রবিধান কার্যকর করতে জোরদার অভিযান চালিয়েছে জিএমসি। সম্পত্তি কর খেলাপিদের মোকাবিলা করার লক্ষ্যে আজ ১৮ ফেব্রুয়ারি ৫০টিরও বেশি সম্পত্তির মালিকের বিরুদ্ধে ওয়ারেন্ট জারি করা হয়েছে। জিএমসি করমিশনার জানান, এই মাসের ১৬ তারিখ প্রয়োজনীয় ট্রেড লাইসেন্স ছাড়া পরিচালিত ব্যবসাগুলির বিরুদ্ধে অভিযান চালাবে হয়েছিল। অবৈধভাবে ব্যবসা করার দায়ে দুটি বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং একজন ব্যবসায়ীকে



সব সম্পত্তি ত্রুণ করতে বাধ্য হবে পুরনিগম কর্তৃপক্ষ। প্রেস বার্তায় তিনি জানান, এই পদক্ষেপ ট্রেড



লাইসেন্স প্রবিধান প্রয়োগের প্রতি পুরনিগমের সক্রিয় অবস্থানের উপর ভিত্তি করে গ্রহণ করা হয়েছে। জিএমসি কমিশনার জানান, চলতি মাসের ১৬ তারিখ প্রয়োজনীয় ট্রেড লাইসেন্স ছাড়া পরিচালিত ব্যবসাগুলির বিরুদ্ধে অভিযান চালাবে হয়েছিল। অবৈধভাবে ব্যবসা করার দায়ে দুটি বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং একজন ব্যবসায়ীকে

কবি সুভাষে নতুন মেট্রো কার্শড তৈরী হল

কলকাতা, ১৮ ফেব্রুয়ারি : কবি সুভাষ মেট্রো স্টেশন হল ব্লু লাইনের সংখ্যা বাড়ানো হবে যাবেরে



এবং পূর্ব রেলের নিউ গড়িয়া রেলওয়ে স্টেশন। শীঘ্রই এটি কলকাতা মেট্রোর অন্য একটি লাইন, অর্থাৎ অরেঞ্জ লাইনের ইন্টারকোণ্ডিং পয়েন্টও হবে। ব্লু লাইনের মতো এটিও হতে যাচ্ছে অরেঞ্জ লাইনের অন্যতম টার্মিনাল স্টেশন। ব্লু লাইনের বাণিজ্যিক পরিষেবার পরে, রেকগুলির মধ্যে স্থিতিশীল রয়েছে। এর জন্য কবি সুভাষের একটি মেট্রো কারশেড

রক্ষণাবেক্ষণের প্রয়োজন হবে। বর্তমানে কবি সুভাষ কারশেডের রক্ষণাবেক্ষণের সুবিধা নেই, সেখানে কেবল রেকের স্ট্যাবলিং করা হয়। যাত্রীদের আরও ভালো সেবা দিতে এবং নোয়াপাড়া কার ডিপোতে রক্ষণাবেক্ষণের চাপ কমাতে বিদ্যমান কবি সুভাষ কারশেডের পাশে একটি পৃথক রক্ষণাবেক্ষণ শেড নির্মাণ করা হয়েছে। এই শেডটি ইন্সপেকশন

বে, লিফটিং বে এবং স্টেবলিং লাইন নিয়ে গঠিত। এটি অরেঞ্জ লাইনের চাহিদা পূরণ করবে। পরিদর্শন উপসাগরটি রুটিন এবং অনিবার্যিত রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজন যাতে ৬-স্তর পরিদর্শন সুবিধা থাকে যেমন গাড়ির নীচে, গাড়ির পাম্পের অংশ এবং রক্ষণাবেক্ষণের জন্য গাড়ির ছাদ। উদ্দেশ্য পরিবেশন করার জন্য দুটি উৎসর্গীকৃত লাইন থাকবে। রক্ষণাবেক্ষণের সময় উপসাগর উত্তোলন প্রয়োজন। বাণিজ্যিক পরিষেবার পরে রেকগুলির স্ট্যাবলিংয়ের জন্য স্টেবলিং বে প্রয়োজন। এই নতুন শেডটিতে ৬টি নতুন স্ট্যাবলিং লাইন রয়েছে।এই নতুন কারশেডে একটি স্বয়ংক্রিয় ট্রেন ওয়াশিং প্ল্যান্টও রয়েছে যা স্বায়ত্বক্রমে রেকগুলি ধোয়ার জন্য সাহায্য করবে। একটি ব্যাটারি চালিত রেল কাম রোড শাটার ইয়ার্ডে মেট্রো রেকগুলিকে শার্ট করার সুবিধার্থে প্রদান করা হয়েছে।এটির শেডের ছাদে একটি ৫০০ kWp সৌর বিদ্যুৎ কেন্দ্রও রয়েছে, যা কার্বন ফুটপ্রিন্ট কমাতে সাহায্য করবে।

নগ্ন ও অচৈতন্য অবস্থায় উদ্ধার নাবালিকা অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১৮ ফেব্রুয়ারি : এবার প্রতিবেশী দানার লালসার শিকার নাবালিকা। ঘটনাস্থল নদিয়ার রানাহাটা। ইতিমধ্যেই অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযুক্তের কঠোরতম শাস্তির দাবিতে সরব নির্ধাতিতার পরিবারের সদস্যরা। নদিয়ার রানাহাটের বাসিন্দা ওই নাবালিকা। বয়স ৯ বছর। জানা

গিয়েছে, অন্যান্য দিনের মতোই শনিবার বিকেলে বন্ধুদের সঙ্গে খেলতে যায় সে। এর পর দীর্ঘক্ষণ পরিয়ে গেলেও সে বাড়ি ফেরেনি। এদিকে তার বন্ধুরা সবাই চলে গিয়েছিল বাড়িতে। স্বাভাবিকভাবেই পরিবারের সদস্যরা এলাকায় খোঁজ শুরু করেন। সেই সময় নাবালিকাকে এক বন্ধু তার বাড়িতে জানায় যে প্রতিবেশী যুবক খুদেকে পুকুর পাড়ে

ঘন কুয়াশার চাদরে মোরা জলপাইগুড়ি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ ফেব্রুয়ারি : রবিবার ভোর থেকে কুয়াশার দাপট কিছুটা কম থাকলেও বেলা বাড়ার সাথে সাথে ঘন কুয়াশার চাদরে মোরা গোটা জলপাইগুড়ি। এদিন সকাল আটটা নাগাদ শহর ও সহ-সংলগ্ন এলাকা ঘন কুয়াশার চাদরে মোরা রয়েছে। কুয়াশার দাপট এতটাই বেশি যে রাস্তায় চলাচলে অসুবিধা। খুব সাবধানে চলাচল করতে হচ্ছে। রাস্তার যান চলাচলে লাইট জ্বালিয়ে যাতাযাব করতে দেখা গেলেো। তবে অন্যান্য দিনের তুলনায় এদিন ঠান্ডা কিছুটা হলেও কম অনুভব হচ্ছে।

হুজুর সাহেবের মেলা

১৮ ফেব্রুয়ারি : ময়নাগুড়ি স্বামী বিবেকানন্দ হাতিষ্ট্যাপ ওয়েল ফেয়ার আনোসিসিয়েশনের কর্ণধার এবং বিশিষ্ট সমাজসেবী রবিউল ইসলাম মেলায় উপস্থিত বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের হাতে বস্ত্র, ফল, বিস্কুট, টাকা দান করলেন সঙ্গে বাংলাদেশ থেকে যে সমস্ত হুজুরা এসেছিলেন ওনারের ও দান করা হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী স্বপ্না সরকার,খালিকা খাতুন, লার্জিনা খাতুন এবং অন্যান্য সাজাজ সেবীরা। আদ্যদের উদ্দেশ্য হলো অন্যান্য সমাজসেবীরা গুলো এই কর্মকাণ্ডে নেন এগিয়ে আসেন তাহলে একটু সুন্দর সমাজ করা যাবে।

সহায়তা কেন্দ্রে ভিন্ন চিত্র জামালপুরে

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান, ১৮ ফেব্রুয়ারি : রাজ্যের মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুযায়ী আগামী মার্চ মাসের প্রথম দিন ১০০ দিনের কাজের বকেয়া টাকা ২১ লক্ষ মজুরকে তাদের একাউন্টে পাঠিয়ে দেওয়া হবে।

দলনেত্রীর নির্দেশে সারা রাজ্যের প্রতিটি ব্লকের প্রতিটি পঞ্চায়েতের বাইরে রবিবার থেকে সহায়তা কেন্দ্র চালু করা হয়েছে। পূর্ব বর্ধমানের জামালপুরেও ১৬ টি পঞ্চায়েতের বাইরে ১৬ টি সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। প্রতিটি সহায়তা কেন্দ্রে দলীয় কর্মীরা উপস্থিত থেকে ১০০ দিনের কাজের যারা টাকা পাবেন তাদের ফর্ম ফিলাপ করে দেওয়া ও একাউন্ট টিক আছে কিনা দেখে দেওয়া হচ্ছে।

কোনো অসুবিধা থাকলেই সাথে সাথে তার ব্যবস্থা করা হচ্ছে। প্রতিটি সহায়তা কেন্দ্র ঘুরে দেখছেন জামালপুরের তৃণমূলের ব্লক সভাপতি মেহেদুদ খান। তিনি প্রতিটি সহায়তা কেন্দ্রে গিয়ে সাধারণ মানুষের সাথে কথা বলছেন ও কেন্দ্রের বঞ্চনা সত্বেও রাজ্যের মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী কিভাবে গরীব মানুষের পাশে দাড়িয়ে তাদের সাহায্য করছেন সে বিষয়েও বুঝিয়ে দেন। তার সাথে ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি পূর্ণিমা লক্ষ্মী, সহ সভাপতি তুভানথ মালিক সহ তৃণমূলের প্রতিটি শাখা সংগঠানের সভাপতি, প্রধান, উপ প্রধান, অঞ্চল সভাপতি সহ অন্যান্য নেতৃত্বারা। মেহেদুদ খান জানিয়েছেন, রাজ্যের মুখ্যমন্ত্রী যে সিদ্ধান্ত নিয়েছেন তা এক ঐতিহাসিক সিদ্ধান্ত। গ্রামের এই গরীব মানুষের পরিপন্থের টাকা কেন্দ্র আটকে দিয়ে ভালো কাজ করে নি। তাই মুখ্যমন্ত্রী তথা দলনেত্রী সেই টাকা মিটিয়ে দিয়ে বুঝিয়ে দিলেন তিনি সব সময়ই অসহায় সাধারণ মানুষের পাশে আছেন। তার সরকার প্রকৃতই মা মাতী মানুষের সরকার। তার দেখানো পথেই তারা ইটছেন। এদিন জামালপুর ১ পঞ্চায়েতে পরিষেবার পাশাপাশি উপ প্রধান সাহাবুদ্দিন মন্ডল ওরফে পাঞ্জাব মুখ্যমন্ত্রীর হয়ে লক্ষ্মী ভান্ডার প্রাপ্ত গৃহবধূদের ও ১০০দিনের কাজের মজুরদের হাতে তিনি নিজে ও ব্লক সভাপতি গোলাপ ফুল ও মিষ্টির প্যাকেট দিয়ে শুভেচ্ছা জানান।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী গ্রেপ্তার

দুরন্ত বার্তা, নাদনঘাট,১৮ ফেব্রুয়ারি : এক উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী মার্কস দিয়ে বাড়ি ফেরার সময় মাঝদূরের ঘটনায় যুক্ত থাকার অভিযোগে জয় র্টা দাসকে গ্রেফতার করে কলকাতা পুলিশ। শুধু ওই যুবককে আজ শনিবার কলনা মহেন্দ্রমা আদালতে পাঠায় নাদনঘাট থানার পুলিশ। জানা গিয়েছে গতকাল সন্ধ্যায় উচ্চ বেরোনার পর মুদ্রাসংস্রিত দিচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়ে বেরোনার পর মুদ্রাসংস্রিত নামের ওই উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীর উপর হঠাি আক্রমণ করে বেশ কয়েকজন। এরপরই স্থানীয় এলাকা থেকেই ওই যুবককে গতকালই আটক করে নাদনঘাট থানার পুলিশ।

মৃত যুবতীর পরিবারের সঙ্গে দেখা করলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন



দুরন্ত বার্তা, মালদা, ১৮ ফেব্রুয়ারি : মোথাবাড়ি এলাকায় যুবতীকে কুপিয়ে খুনের ঘটনায় মৃতের পরিবারের সঙ্গে দেখা করে সমবেদনা জানানেন রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সাবিনা ইয়াসমিন । শনিবার রাতে মৃতের পরিবারের সঙ্গে দেখা করতে যান মন্ত্রী। গত বৃহস্পতিবার মোথাবাড়িএর একটি এলাকা থেকে ২৫ বছর বয়সী এক যুবতীর বিবস্ত্র অবস্থায় মৃতদেহ উদ্ধার করে পুলিশ। এই ঘটনার পর পুলিশ মূল অভিযুক্তকে গ্রেফতার করেছে। শনিবার রাতে কলকাতা থেকে মালদায় ফিরে মৃতের পরিবারের সঙ্গে দেখা করেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন। মন্ত্রী বলেন, কোন কোন ক্ষেত্রে মতবিরোধ থাকতেই পারে। তা বলে মানুষ খুন হবে এটা কোনভাবে বরদাস্ত করা যায় না । যদিও পুলিশ ইতিমধ্যে এই ঘটনায় মূল অভিযুক্তদের গ্রেফতার করেছে। তবে এই ঘটনার পিছনে আরো কেউ জড়িত রয়েছে কিনা সেটিও পুলিশ তদন্ত করে দেখছে। এদিন মৃতদের পরিবারের সঙ্গে দেখা করে তাদের সমবেদনা জানিয়েছি। রাজ্য সরকার ওই পরিবারের পাশে রয়েছে।

মুম্বাইয়ে মাঝ আকাশে বিমানে যান্ত্রিক গোলোযোগ

মুম্বই, ১৮ ফেব্রুয়ারি : মাঝ আকাশে বিমানে যান্ত্রিক গোলোযোগ। টার্মিন্সে পড়ই সমস্যা শুরু। হঠাই বিমানে টেকনিক্যাল কিছু সমস্যা দেখা দেওয়ায়, দ্রুতার সঙ্গে তা অবতরণ করানো হয়। সেই বিমানেই ছিলেন দক্ষিণের অভিনেত্রী রম্মিকা মান্দানা। তার সঙ্গে ছিলেন শ্রদ্ধা দাস। শনিবার এই ভয়ানক অভিজ্ঞতা হয় অভিনেত্রীর। সোশ্যাল মিডিয়ায় ছবি শেয়ার করে নিজেই দিলেন খবর। সোশ্যাল মিডিয়ায় লিখলেন, সবে উড়েছিলাম। এভাবেই আমরা মৃত্যুকে এড়াতে পেড়েছি আজ। ভিত্তারার বিমানে এদিন রম্মিকাসহ আরও বহু যাত্রী ছিলেন। যেখানে যাত্রীহের ভয়ানক পরিস্থিতির মুখে পড়তে হয়। সকলেই সাংঘাতিক টার্মিন্সের মুখেমুখি হয়েছেন। মুম্বই থেকে হায়দরাবাদের পথে এই পরিস্থিতির মুখেমুখি হতে হয় বিমানিকে। টানা ৬০ মিনিট অগাধ স্টেয়ার পর বিমান মুম্বইয়ের মাটি স্পর্শ করে। যদিও সত্থের খবর এই সমস্যার কারণে কেউ গুরুতর আহত হননি। সকল যাত্রী সুস্থ রয়েছেন। প্রসঙ্গত রম্মিকাকে দেখা যায় নো ফিল্টার নেহা শোনে অংশ গ্রহণ করতে। সেই সূত্রেই মুম্বই গিয়েছিলেন তিনি। সন্ধ্যা সোশনে থেকেই ফেরার পথে ঘটে এই ঘটনা। রম্মিকার পোস্ট পড়া মাত্রই সকলেই উদ্বেগ প্রকাশ করেন। অভিনেত্রী সুস্থ আছেন দেখে স্বস্তি নিঃশ্বাস ভক্তদের।



কপ্টারে চড়ার আগে অপেক্ষায় থাকা সোনামুন্নির জঙ্গল এলাকার বাসিন্দা কৃষ্টি সাউন্ডের কাছ থেকে মুখামন্ত্রী এবং অভিকর্ষ বন্দোপাধ্যায়ের ছবি সিকিউরিটি মারফৎ পৌঁছানো হলো মুখ্যমন্ত্রীর কাছে।

কোন্নগরে শিশু খুনে সিবিআই তদন্তের দাবি নিহতের বাবার

দুরন্ত বার্তা, হুগলি, ১৮ ফেব্রুয়ারি : বাড়ির কোণে কোণে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে খেলনা, জামাকাপড়, বইখাতা। শুধু ছোট ছেলোটাই নেই। নৃশংসভাবে সম্ভান খুনের পর কেটে গিয়েছে দুদিন। এখনও জানা যায়নি কে বা কারা খুন করল খুদেকে। খুনের কারণও স্পষ্ট নয়। জমাত রহস্যের কিনারা করা সম্ভব হয়নি। তারই মাঝে রবিবার সকালে নিহতের পরিবারের সঙ্গে কথা বলেন রাজ্য শিশু সুরক্ষা কমিশনের প্রতিনিধিরা। পুলিশের উপর আস্থা রেখেও সিআইডি তদন্তের দাবিতে সরব স্কুলছাত্রের বাবা। শুক্রবার সন্ধ্যায় নিজের বাড়িতে খুন হয় স্কুলছাত্র। সেই সময় বাড়িতে বাবা-মা ছিল না। জোরে জোরে চলছিল টিনা বাড়িতে শোষা সন্ধ্যায় থাকা সঙ্গেও কীভাবে খুন হল খুদে, তা নিয়ে প্রশ্ন উঠছে। কীভাবে খুন হল ছাত্রটি, এখনও স্পষ্ট নয়। তবে আশ্বাসের দিচ্ছ দেখে তদন্তকারীরা মোটামুটি নিশ্চিত যে ভাী কিছু দিয়ে নৃশংসভাবে অত্যাচার করা হয়েছে তাকে। পেশাদার খুনিকেও কাজে লাগানো হতে পারে বলেও মনে করা হচ্ছে। পরিচিত কেউ যে এই খুনের সঙ্গে যুক্ত, সে বিষয়ে মোটের উপর নিশ্চিত তদন্তকারীরা। শনির পর রবিবারও ফরেনসিক টিম ঘটনাস্থল পরিদর্শন করা। ফরেনসিক বিশেষজ্ঞ অভিজি মাণিও বলেন, ‘রক্তের রক্তপাত করা হয়েছে। মাথায় ভাী কিছু দিয়ে আঘাত করলে অনেক রক্তপাত হয়। সেইরকম রক্তপাত দেখা গিয়েছে এই কেসে।’’ নিহতের বাবা পঙ্কজ জানান, বেশ কয়েকটি মেডিক্যাল রিপোর্ট সংগ্রহ করেছেন তদন্তকারীরা। পুলিশি তদন্ত আস্থা রয়েছে তার। খুনের প্রকৃত কারণ সম্পর্কে জানতে বেশ কিছুটা সময় অপেক্ষা যে করতে হবে, তা বলছেন ছাত্রের বাবা। তবে সিআইডি তদন্তের দাবি জানিয়েছেন তিনি। এদিকে, রবিবার বিকেলে এলাকায় একটি শান্তি মিছিলের আয়োজন করা হয়েছে।

পূর্বস্থলীতে তৃণমূল নেতার রহস্যমৃত্যু! সরষে খেতে মিলল পচাগলা দেহ

দুরন্ত বার্তা, কালনা,১৮ ফেব্রুয়ারি : পূর্ব বর্ধমানের পূর্বস্থলীর তৃণমূল নেতার রহস্যমৃত্যু। একমাস ধরে নিখোঁজ থাকার পর সরষে খেতে উদ্ধার পচাগলা দেহ। ইতিমধ্যেই দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ। মৃত্যুর কারণ নিয়ে তৈরি হয়েছে খোঁয়াশা। স্থানীয় সূত্রে জানতে পারা গিয়েছে, ওই তৃণমূল নেতার নাম মিঠুন মাহাতো। পূর্ব বর্ধমানের পূর্বস্থলী ২ নম্বর ব্লকের কালেকাতলা ২ পঞ্চায়েতের মুড়াগাছার বাসিন্দা ছিলেন তিনি। সক্রিয় তৃণমূল কর্মী হিসেবে এলাকায় পরিচিত ছিলেন তিনি। স্থানীয় সূত্রে খবর, মাস খানেক আগে বাড়ি থেকে বেরিয়ে ছিলেন মিঠুন। তার পর আর ফেরেননি তিনি। বিভিন্ন জায়গায় খোঁজ খবর করলেও কোনও লাভ হয়নি। এসবের মাঝে রবিবার সকালে মুড়াগাছার বৈষম্বপাড়া এলাকায় সরষে খেতে এক যুবকের পচাগলা দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। তড়িঘড়ি খবর দেওয়া হয় থানায়। খবর পেয়ে পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে। তখনই মৃতের পকেটে মেলে একটি আধার কাঁড়া। তার সূত্র ধরেই মৃতের পরিচয় জানতে পারে পুলিশ। ইতিমধ্যেই দেহ পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য। পরিবার সূত্রে খবর, দিনভর নেশায় ডুবে থাকতেন ওই তৃণমূল কর্মী। তবে কীভাবে মৃত্যু, তা নিয়ে সন্দিহান তিনি। এ বিষয়ে স্থানীয় বিধায়ক জানিয়েছেন, মিঠুনের কোনও শত্রু ছিল না। তবে বিষয়টা খতিয়ে দেখা হচ্ছে।

১২ ছক্কা, ১৪ চার

রেকর্ড গড়ে ডাবল সেঞ্চুরিতে রাজকোট মাতালেন যশস্বী



রাজকোট, ১৮ ফেব্রুয়ারিঃ রাজকোট ব্যাটারদের স্বর্গরাজ্য যে স্বর্গরাজ্যের রাজা এ বার যশস্বী জয়সওয়াল। ২২ বছরের যশস্বীকে থামানোর দাওয়াই খুঁজে পাচ্ছেন না জিমি অ্যান্ডারসনের মতো সিনিয়র বোলারও। দু’সপ্তাহের মধ্যে দ্বিতীয় বার ডাবল সেঞ্চুরি করলেন যশস্বী জয়সওয়াল। রাজকোট টেস্টের তৃতীয় দিন ব্যাকস্প্যাঞ্জমের কারণে সেঞ্চুরির পর মাঠ ছেড়েছিলেন যশস্বী। চতুর্থ দিন শুভমন গিল রান আউট হওয়ার পর মাঠে ফেরেন যশস্বী। এরপর সরফরাজের সঙ্গে জুটি বেঁধে এগোতে থাকেন। লাঞ্চ বিরতিতে

গিয়েছিলেন যখন, সেই সময় যশস্বী ছিলেন ১৪৯ রানে। দিনের দ্বিতীয় সেশনে নামার পর মেন আলানাই মেজাজে ছিলেন যশস্বী। ১৯২ বলে ১৫০ রান পূরণ করেন। এরপর জিমি অ্যান্ডারসনের বিরুদ্ধে তিনি ছক্কার হ্যাটট্রিক করতেই বোঝা গিয়েছিল ডাবল সেঞ্চুরি আসছেই। সত্যিই তাই হল। ২৩১ বলে ডাবল সেঞ্চুরি পূরণ করেছেন যশস্বী। বেশ কয়েকটি রেকর্ড গড়ে রাজকোটে ডাবল সেঞ্চুরির তাজ পরেছেন যশস্বী জয়সওয়াল। ১৮-৭৭ সালে প্রথম টেস্ট ম্যাচ হয়েছিল। তারপর থেকে এক টেস্ট ইনিংসে ১০টি ছয় মারার রেকর্ড ছিল না কোনও ভারতীয় ক্রিকেটারের। রবিবার রাজকোটে প্রথম ভারতীয় ব্যাটার হিসেবে এক টেস্ট ইনিংসে ১০টি ছয় মারার রেকর্ড গড়েছেন যশস্বী জয়সওয়াল। একইসঙ্গে এক টেস্ট সিরিজে প্রথম ক্রিকেটার হিসেবে যশস্বী ২০টি ছয় মারার রেকর্ড গড়েছেন। ডাবল সেঞ্চুরির পরও যশস্বীকে রেকর্ড গড়া থেকে থামাতে পারেননি ইংল্যান্ডের বোলাররা। টেস্টে এক ইনিংসে এতদিন সবচেয়ে বেশি ছয় মারার বিশ্ব রেকর্ড ছিল পাকিস্তানের তারকা ওয়াসিম আক্রমের নামে। ১৯৯৬ সালে জিম্বাবোয়ের বিরুদ্ধে এক টেস্ট ইনিংসে ১২টি ছয় মেরেছিলেন ওয়াসিম। রবিবার ইংল্যান্ডের বিরুদ্ধে সেই রেকর্ড স্পর্শ করে ফেলেছেন যশস্বী। এই সিরিজে এখনও অবধি সর্বাধিক রান করেছেন যশস্বী (৫৪৫)। যশস্বীর ডাবল সেঞ্চুরির পাশাপাশি ৬৫ বলে হাফসেঞ্চুরি করেন সরফরাজ খান। দ্বিতীয় ইনিংসে ৪ উইকেটে ৪৩০ রানের পর ইনিংস ডিক্লেয়ার করে দেন ভারত অধিনায়ক রোহিত শর্মা। ২৩৬ বলে ২১৪ রানে অপরাজিত থেকে মাঠ ছেড়েছেন যশস্বী। তাতের রয়েছে ১৪টি চার ও ১২টি ছয়। তাঁর সঙ্গে ৬৮ রানে অপরাজিত থেকে মাঠ ছেড়েছেন সরফরাজ।

রাজকোটেও চরম ব্যর্থ, রাঁচিতে বাদ পড়তে পারেন রজত পতিদার

রাজকোট, ১৮ ফেব্রুয়ারিঃ ভারতীয় টিমে প্রতিযোগিতা এখন ভীষণই বেড়ে গিয়েছে। তরুণ তুর্কিরা একটা সুযোগ পেলেই নিজেদের প্রমাণ করার জন্য মরিয়া হয়ে উঠছেন। আবার কেউ কেউ রয়েছেন ইন্দোরের রজত পতিদারের মতো। ২ টেস্ট পরেই যার উপর আস্থা হারাতে পারে ভারতীয় টিম ম্যানেজমেন্ট। বিরাট কোহলি ইংল্যান্ড সিরিজ মিস করায় তাঁর পরিবর্ত হিসেবে টিমে সুযোগ পেয়েছেন রজত পতিদার। ভাইজ্যাগে টেস্ট অভিষেক হয়েছিল রজত পতিদারের। অভিষেক টেস্টে দুই ইনিংসে ৩২ ও ৯ রান করেছিলেন। আর দ্বিতীয় টেস্টে প্রথম ইনিংসে ৫ ও দ্বিতীয় ইনিংসে শূন্য। এমন পারফরম্যান্স দিয়ে হয়তো রাঁচিতে ভারতের একাদশে জায়গা ধরে রাখতে পারবেন না রজত। চতুর্থ টেস্টে টিমে ফিরবেন লোকেশ রাহুল। কারণ তৃতীয় টেস্টের আগে তিনি ৯০ শতাংশ ফিট ছিলেন। এমনটাই জানিয়েছিল বোর্ড। একইসঙ্গে টিমে রয়েছেন দেবদত্ত পাড়িঙ্গলের মতো প্রতিভাবান তরুণ ক্রিকেটার। ভারতের রিজার্ভ বেঞ্চ বেশ শক্তিশালী। সেই দিক থেকে দেখতে হলে রজতকে ২টা সুযোগ দিয়েছে ভারতীয় টিম। কিন্তু তাতে তিনি আশানুরূপ পারফর্ম করতে পারেননি। বিশেষ করে রাজকোটে



দ্বিতীয় ইনিংসে যে ভাবে আউট হয়েছেন রজত, তা বেশ অবাক করার মতো। রাজকোটের পিচে প্রত্যাশা মতো বল বাউন্স করেনি। সেখানেই ভুল করে বসেন রজত। ফলস্বরূপ শূন্যতা নিয়ে মাঠে ছাড়েন। এরই মাঝে সোনা যাচ্ছে টিম ইন্ডিয়ার অন্দরে প্রতিযোগিতা এতটাই বেড়ে গিয়েছে যে রাঁচিতে হয়তো বাদ পড়তে পারেন রজত। এখন ভারতীয় টিমে মেন ধারা হয়ে উঠেছে হয় পারফর্ম করো, নয় বেসে কাটাও। সরফরাজ খান, যশস্বী জয়সওয়াল, শুভমন গিলের মতো ক্রিকেটাররা প্রতি ম্যাচেই নিজেকে প্রমাণ করে চলেছেন। যার ফলে স্বাভাবিকভাবেই পারফরম্যান্সই দলে সুযোগ পাওয়ার মাপকাঠি হতে চলেছে। ডেবিউ টেস্টে সরফরাজ যে আগ্রাসী মেজাজে ব্যাটিং করেছেন, তাতে রাঁচিতে ভারতের একাদশে সুযোগ প্রায় নিশ্চিত করে ফেলেছেন। একইসঙ্গে রাজকোটে চরম ব্যর্থ হয়ে রজত হয়তো একাদশে জায়গা হারাবেন। এমনটাই বলছে ক্রিকেট মহলা।

এশিয়ান মিটে ইতিহাস ভারতের, সোনা ফলালেন সিদ্ধু-আনমোলরা

শাহ আলম (মায়েশিয়া), ১৮ ফেব্রুয়ারিঃ দেশক প্রথমবার এশিয়ান টিম চ্যাম্পিয়নশিপের ফাইনালে তুলে শনিবারই ইতিহাস গড়েছিলেন অস্মিতা চালিহা ও আনমোল খার্বা। রবিবার এশিয়ান মিটের ফাইনালে সোনা ফলালেন পিভি সিদ্ধু-আনমোল খার্বা। সেমিফাইনালে ডাবলসে হেরেছিলেন পিভি সিদ্ধু। ফাইনালে অবশ্য কোনও ভুল করেননি সিদ্ধু। একইসঙ্গে ১৭ বছরের আনমোল অসাধারণ পারফর্ম করেছেন। থাইল্যান্ডকে ফাইনালে ৬-২ হারিয়ে সোনা জিতলেন ভারতের মেয়েরা। এর আগে সেমিফাইনালে জাপানকে ৬-২ হারিয়ে ফাইনালে



উঠেছিলেন আনমোল-অস্মিতা। ফাইনালের লহিন আপে প্রথমে ছিল পিভি সিদ্ধু-সুপনিদা কাথোং এর সিদ্ধলসা। সেই ম্যাচে দু’বারের অলিম্পিকে পদকজয়ী সিদ্ধু ২১-১২, ২১-১২ ব্যবধানে হারিয়ে ভারতকে ১-০ এগিয়ে দেন। তারপর গায়েরী গোপিচাঁদ ও তৃষা জলি ডাবলস ম্যাচে নামেন। বিস্পের ১০ নম্বর জুটি জংকলফাম

কিতিথারাকুল ও রইন্ডা প্রাজংজালের বিরুদ্ধে ২১-১৬, ১৮-২১, ২১-১৬ ব্যবধানে জেতেন তৃষা-গায়েরীরা। যার ফলে ভারতের মেয়েরা ২-০ এগিয়ে যায়। ২-০ এগিয়ে থাকার পর দু’টি ম্যাচ হারেন ভারতের মেয়েরা। প্রথমে অস্মিতা চালিহা দ্বিতীয় সিদ্ধলসে বুসানান ওংবামরাংফানের কাছে ১১-২১, ১৪-২১ ব্যবধানে হেরে যান। এরপর দ্বিতীয় ডাবলস ম্যাচে প্রিমা-শ্রুতি জুটি ২৯ মিনিটে ১১-২১, ৯-২১ ব্যবধানে হেরে যান। ২-২ হয়ে যাওয়া ম্যাচে এ বার শেষ আশা হয়ে দাঁড়ান আনমোলা। তাঁর জন্যই ফাইনালে উঠতে পেরেছিল ভারত। আর তাঁর জন্যই সোনাও

জিতল ভারত। বছর ১৭-র আনমোল শেষ সিদ্ধলস ম্যাচে পর্ণিচা চোইকিওংকে ২১-১৪, ২১-৯ ব্যবধানে হারিয়ে ভারতকে ট্রফি জেতান। এই প্রথম বার এশিয়ান মিটে সোনা জিতলেন ভারতের মেয়েরা। এর আগে ভারতীয় পুরুষ টিম এই টুর্নামেন্টে ২০১৬ ও ২০২০ সালে ব্রোঞ্জ পেয়েছিল।

বদলি নেমেই গোল করলেন বিদায়ের পথে থাকা এমবাপে

প্যারিস, ১৮ ফেব্রুয়ারিঃ ফরাসি লিগ ‘আঁ’র ম্যাচে গতকাল রাতে শুরুর একাদশে ছিলেন না কিরিয়ান এমবাপে। পিএসজিকে বিদায়ের সিদ্ধান্ত জানিয়ে দেওয়ার কারণে তাঁকে একাদশের বাইরে রাখা কি না, এমন প্রশ্ন ওঠে সামাজিক যোগাযোগমাধ্যমে। কেউ কেউ একে এমবাপের জন্য ‘শাস্তি’ হিসেবেও দেখছিলেন। কিন্তু ম্যাচে লড়াই করতে থাকা পিএসজিকে শেষ পর্যন্ত মাঠে নামাতেই হলো এমবাপেকে। ৬২ মিনিটে মাঠে নেমে গোলও করেছেন এই ফরাসি তারকা। নতের বিপক্ষে ২-০ গোলের জয় নিয়ে মাঠ ছেড়েছে পিএসজি। প্রতিপক্ষের মাঠে এদিন প্রথমার্ধে মোটেই ভালো খেলতে পারেনি পিএসজি। বিরতির আগের মুহূর্তে নতের গোল বাতিল না হলে পিএসজিও যেতে পারত তারা। বাতিল হওয়া গোল বাদ দিলে নতেরও অবশ্য খুব একটা ভালো খেলতে পারেনি। বিরতির পরও

পিএসজিকে সেরা ছন্দে দেখা যাচ্ছিল না। এর মধ্যেই অকস্মে ধুকতে থাকা পিএসজিকে স্তম্ভিত এনে দেন লুকাস হার্নান্দেজ। ম্যাচের ৬০



মিনিটে গোল করে দলকে এগিয়ে দেন তিনি। এই গোলের দুই মিনিট পরেই মাঠে নামেন এমবাপে। এমবাপে মাঠে নামার পর গতি আসে পিএসজির খেলায়। ম্যাচের ৭৮ মিনিটে পেনাল্টিও আদায় করে নেন এই ফরোয়ার্ড। বক্সের ভেতর

বাজবল হয়ে দাঁড়াল বাজে-বল! চার দিনেই বিশাল জয় ভারতের

রাজকোট, ১৮ ফেব্রুয়ারিঃ ভারত সফরে আসার আগে অনেক কথা উঠেছিল। বাজবল দিয়ে আতঙ্ক ধরানোর পরিকল্পনা ছিল ইংল্যান্ডের। ব্রেন্ডন ম্যাকালান কোচ এবং বেন স্টোকস টেস্টে নেতৃত্বের দায়িত্ব নিতেই বাজবল শুরু। কিন্তু এই সিরিজে এখনও অবধি বাজবল কাজ করছিল না। রাজকোট টেস্টের প্রথম ইনিংসে শুরুতে অনবদ্য ব্যাটিং করছিল। দ্বিতীয় ইনিংসে খাবি খেল ইংল্যান্ড। বাজ বল হয়ে দাঁড়াল ‘বাজে-বল’। বরং শেষ উইকেটে মার্ক উডের ১৫ বলে ৩০ রানের ইনিংস হারের ব্যবধান সামান্য কমাল। দ্বিতীয় ইনিংসে মাত্র ১২২ রানেই শেষ ইংল্যান্ড। ৪৩৪ রানের বিশাল জয় ভারতের। সিরিজে ২-১ এগিয়ে গেলেন রোহিতরা। ইংল্যান্ড শিবির একটা দাবি বারবার করে, বোর্ডে যত বড় টার্গেটই থাকুক তারা জয়ের জন্য ঝাঁপবে। যদিও দ্বিতীয় ইনিংসে ইংল্যান্ডের ব্যাটিং তাগিদ অবাক করার মতোই। আক্রমণ করবে না



ডিফেন্স, এই দ্বিধায় ভুগলেন। প্রথম ইনিংসে রোহিত-জাডেজার সেঞ্চুরিতে ৪৪৫ রানের বিশাল স্কোর ভারতের। জবাবে ইংল্যান্ড যে ভাবে ব্যাট করছিল, একটা সময়

মনে হয়েছিল, প্রথম ইনিংসে লিডও নিতে পারে। বিশেষ করে বলতে হয় বেন ডাকেটের কথা। অ্যালেস্টার কুকের পর ইংল্যান্ডের দ্বিতীয় ওপেনার হিসেবে ভারতের মাটিতে

সেঞ্চুরির রেকর্ড গড়েন। তবে মহম্মদ সিরাজের অনবদ্য বোলিংয়ে ৩১৯ রানেই শেষ ইংল্যান্ড। দ্বিতীয় ইনিংসে যশস্বী জয়সওয়ালের ডাবল সেঞ্চুরি। শুভমন গিলের ৯১ এবং

সরফরাজ খানের হাফসেঞ্চুরিতে ৪৩০-৮ স্কোরে ইনিংস ডিক্লেয়ার করে ভারত। ‘ঘরের মাঠে’ রবীন্দ্র জাডেজার প্রথম ইনিংসে সেঞ্চুরি, দ্বিতীয় ইনিংসে ফাইফার। ৪৩৪ রানের জয়ে সিরিজে লিড নিল ভারত। ভারতীয় দলের বোলিংও নজর কেড়েছে। রাজকোটের পিচ স্পিন সহায়ক, সেই উইকেটে সিরাজের আগুনে বোলিং দেখা গেলেও জাডেজা, কুলদীপ, অশ্বিনদের বোলিং খেলতে নাজেহাল হয়েছে ইংল্যান্ডের ব্যাটাররা। জাডেজা দ্বিতীয় ইনিংসে পেলেন ৪১ রানে পাঁচ উইকেট। দুই ইনিংস মিলিয়ে জাডেজার ঝুলিতে রয়েছে সাত উইকেট। মায়ের অসুস্থতার কারণে ম্যাচের মাঝেই বাড়ি ফিরেছিলেন রচিচন্দ্রন অশ্বিন। বাড়ির সমস্যা কিছুটা মিটিয়েই দলের সঙ্গে যোগ দেন। দ্বিতীয় ইনিংসে মাত্র ৬ ওভার বোলিংয়ে সুযোগ পেলেন। ৩টি মেডেন সহ ১৯ রান দিয়ে ১ উইকেটও নিলেন অশ্বিন।

রঞ্জি যাত্রা শেষ বাংলার, বিদায়ী ম্যাচে মনোজকে জয় উপহার মুকেশ-সুরজদের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারিঃ রবি-সকালে বিহারের বিরুদ্ধে রঞ্জিতে প্রত্যাশিত জয় পেল বাংলা। ক্যান্টন মনোজ তিওয়ারির বিদায়ী ম্যাচে জয় সাজিয়ে দিলেন মুকেশ কুমার।

মোট ৬টি উইকেট নেন মুকেশ কুমার। ১২.১ ওভারে ৩৪ রান দিয়ে ৪টি উইকেট তুলে নেন সুরজ সিদ্ধু জয়সওয়াল। দুই ইনিংস মিলিয়ে মোট ১০টি উইকেট নিয়েছেন মুকেশ। এ বার



সুরজ সিদ্ধু জয়সওয়াল। রবিবার সকালে বিহারের দ্বিতীয় ইনিংসে গুটিয়ে গেল ১২২ রানে। যার ফলে এক ইনিংস ও ২০৪ রানের বিরাট ব্যবধানে জিতল বাংলা। দ্বিতীয় দিনের শেষে বিহার ছিল ১ উইকেটে ৩২ রানে। বাংলা ২৮৪ রানে এগিয়ে ছিল। রবিবার একের পর এক উইকেট হারাতে থাকে বিহার। চতুর্থ উইকেটে গনি ও বিপিন ছাড়া কোনও জুটি দাগ কাটতে পারেননি। গনি-বিপিন জুটিতে ৫০ রান যোগ করেন স্কোরবোর্ডে। দুই পেসারে ভর করে বিহারকে হারিয়ে দিল বাংলা। রাজকোট থেকে ইডেনে এসে বাংলার হয়ে এ বারের রঞ্জি ট্রফির শেষ ম্যাচ খেললেন মুকেশ। বিহারের কোনও ক্রিকেটার দুই ইনিংসে ব্যক্তিগত ৫০ রানও করতে পারেননি। দুই ইনিংস মিলিয়ে বিহারের হয়ে সর্বাধিক রান এস গনির (২৮)। ৯ ওভার বল করে ৩২ রানের বিনিময়ে

তিনি রাঁচি টেস্টের আগে ভারতীয় টিমে যোগ দেবেন। শনিবার বাংলা টিমের সতীর্থরা মনোজ তিওয়ারিকে গার্ড অব অনার দেন। ৩৮ বছর বয়সি এই অভিজ্ঞ ব্যাটার শনিবার দুপুরে সোশাল সাইটে নিজের ব্যাটিংয়ের একটি ভিডিও ক্লিপিংস পোস্ট করেন। যে ভিডিওতে মনোজের দুরন্ত ইনিংসের বলক রয়েছে। ইডেনের মাঠ যে তাঁর কাছে চেনা, তাঁর সব কথা জানে, সেটাই মনোজ উল্লেখ করেছেন। বিহারের বিরুদ্ধে মনোজের ব্যাট থেকে এসেছে ৭০ বলে ৩০ রান, যার মধ্যে চারটি বাউন্ডারি রয়েছে। বিহারকে হারানোর পর বাংলার অধিনায়ক মনোজ তিওয়ারি সোশ্যাল মিডিয়া সাইট এক্স-এ লেখেন, ‘শেষ বার... ক্রিকেটকে মিস করব। আমার সকল অনুরাগীদের ধন্যবাদ। তোমাদের আনন্দ দিতে পেরেছি। বিদায় ২২ গজ।’

ডেবিউ টেস্টেই সানিকে ছুলেন, রাঁচি মাতাতে তৈরি সরফরাজ

রাজকোট, ১৮ ফেব্রুয়ারিঃ ধারাবাহিকতা করে কয় চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলেন সরফরাজ খান। ডেবিউ টেস্ট ম্যাচ খেলতে নেমে দুই ইনিংসে হাফসেঞ্চুরি করেছেন তিনি। সেই সঙ্গে সরফরাজ খান স্পর্শ করেছেন ভারতীয় কিংবদন্তি সুনীল গাভাসকরের এক রেকর্ড। শত বঞ্চনার জবাব মুখে না দিয়ে ব্যাটে দেওয়াই পছন্দ করেন মুম্বইয়ের ছেলে। তা আরও এক বার প্রমাণ করে দিলেন। রাজকোটে প্রথম টেস্ট ম্যাচ খেলতে নেমে সরফরাজের ব্যাট যে ভাবে চলল, তাতে তিনি রাঁচি টেস্টে একাদশে



জায়গা প্রায় পাকা করে ফেললেন। প্রথম ইনিংসে ৬২ করে রান আউট হয়েছিলেন। রবীন্দ্র জাডেজার সঙ্গে

ভুল বোঝাবুঝি না হলে ডেবিউ টেস্টে শতরানের দিকেই এগোচ্ছিলেন সরফরাজ। দ্বিতীয় ইনিংসে ৬৫ বলে হাফসেঞ্চুরি করেন সরফরাজ খান। শেষ অবধি ডাবল সেঞ্চুরিয়ান যশস্বী জয়সওয়ালের সঙ্গে ৬৮ রানে অপরাজিত থেকে মাঠ ছাড়েন সরফরাজ। টেস্ট ডেবিউ ম্যাচে দুই ইনিংসে হাফসেঞ্চুরি করে সরফরাজ ছুঁয়েছেন দেশের কিংবদন্তি সুনীল গাভাসকরকে। এর আগে টেস্ট ডেবিউ ম্যাচে দুই ইনিংসে হাফসেঞ্চুরি করা ভারতীয় ক্রিকেটাররা হলেন- সুনীল গাভাসকর, দিলাওয়ার হোসেন ও শ্রেয়স আহিয়ার। অর্থাৎ চতুর্থ ভারতীয় ব্যাটার হিসেবে সরফরাজ খান টেস্ট অভিষেকে পরপর অর্ধশতরান করলেন।

আল নাসরের জয়ে মেসিকে ছাড়িয়ে রোনাল্ডোর নতুন কীর্তি

রিয়াদ, ১৮ ফেব্রুয়ারিঃ আল ফাতেহর বিপক্ষে আল নাসরের ২-১ ব্যবধানের জয়ে ১৭ মিনিটে দলের প্রথম গোলটি করেছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। এই গোলে তুমুল প্রতিদ্বন্দ্বী লিওনেল মেসিকে আরেকটি কীর্তিতে ছাড়িয়ে গেছেন আল নাসরের পতুগিজ তারকা। ক্লাব আর আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে রোনাল্ডোর ক্যারিয়ারে গতকালের গোলেটি ছিল ৮৭৫তম। মেসির চেয়ে যা অনেক বেশি। মেসি তাঁর ক্যারিয়ারে সব মিলিয়ে গোল করেছেন ৮২১টি। তবে এক জায়গায় এত দিন দুজন ছিলেন একই অবস্থানে। এবার সেই পেনাল্টি ছাড়া গোলেও মেসিকে ছাড়িয়ে গেলেন রোনাল্ডো। এত দিন পেনাল্টি ছাড়া গোলে মেসি ও



১২৮টি, মেসির ১০৬। কাল আল ফাতেহর বিপক্ষে জয়ের পর ২০ ম্যাচে ৪৯ পয়েন্ট নিয়ে সৌদি প্রো লিগের দ্বিতীয় স্থানে আছে আল নাসর। এক ম্যাচে কম পেয়ে ৫৩ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে আল হিলাল।

বছর বয়সী রোনাল্ডো সেটা নিয়ে গেলেন ৭১৪তম। রোনাল্ডো তাঁর ক্যারিয়ারের ৮৭৫ গোলের ১৬৬টি করেছেন পেনাল্টি থেকে। মেসির পেনাল্টি গোল ১০৮টি। ক্লাব আর আন্তর্জাতিক গোলেও মেসির চেয়ে এগিয়ে রোনাল্ডো। ক্লাব ফুটবলে মেসি করেছেন ৭১৫টি, রোনাল্ডোর গোল ৭৪৭টি। আর আন্তর্জাতিক ফুটবলে রোনাল্ডোর গোল রেকর্ড

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • তৃতীয় সংখ্যা • ১ ফেব্রুয়ারি ২০২৪

অবসাদের চিকিৎসা

- সার্জারির সাহায্যে শুন বাঁচিয়ে ক্যানসার চিকিৎসা
- হিমাচুরিয়া আক্রান্তদের দ্রুত চিকিৎসকের পরামর্শ
- কার্ডিয়াক এম. আর. আই.
- ডায়াবেটিসে হার্ট ডিজিজের প্রবণতা
- কিডনি স্টোন ও প্রস্টেটের সমস্যা
- নতুন বছরে রোবোটিক নি-জয়েন্ট রিপ্লেসমেন্ট করে জীবনের আলোয় ফিরে আসুন
- মানসিক অবসাদ দূর করার উপায়
- অবসাদের বাহ্যিক প্রকাশ রাগ
- গ্লুকোমা ও হেমিওপ্যাথি চিকিৎসা

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নন্দর কর্তৃক সত্যজু এমপ্লয়ীজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ ইইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ ইইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নন্দর
Printed & Published by Alok Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Alok Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com